আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

যারা ঈমান আনার পর অস্বীকার করেছে এবং অস্বীকৃতিতে বৃদ্ধি ঘটেছে, কস্মিণকালেও তাদের তওবা কবুল করা হবে না। আর তারা হলো গোমরাহ।

সূরা আল ইমরান- ৯০

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ বৃহস্পতিবার ॥ ২৯ অক্টোবর ২০২৬ ॥ ১৭ জমাদিউল উলা ১৪৪৮ ॥ ১৩ কার্তিক ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ১৪৩ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট
এ্যাংকর সিমেন্ট
স্থায়ীত্বের মজবুত নোঙ্গর
সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫

বাংলাদেশ এখন আর সাহায্য নয়, ব্যাপক বিনিয়োগ চায়: রাষ্ট্রপতি

কীর্তনখোলা ডেস্ক

বাংলাদেশে বিনিয়োগ বৃদ্ধি ও দ্বিপক্ষীয় বাণিজ্য সম্প্রসারণে সুইজারল্যান্ডের প্রতি আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মির্জা ফখরুল ২ এর পাতায় দেখুন

দেশ গঠনে প্রতিটি প্রবাসীকে 'অ্যাম্বাসেডর' হতে হবে: প্রধানমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

দেশ গঠনে প্রতিটি প্রবাসীকে একেকজন অ্যাম্বাসেডর হওয়ার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। জাপানে বসবাসরত ২ এর পাতায় দেখুন

বিদেশি গোয়েন্দা সংস্থার সঙ্গে গোলাম পরওয়ারের বৈঠকের তথ্য সঠিক নয়: জামায়াত

কীর্তনখোলা ডেস্ক

জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার একটি দেশের গোয়েন্দা সংস্থার সঙ্গে বৈঠক করেছেন ২ এর পাতায় দেখুন

বর্তমান পরিস্থিতিতে সুষ্ঠুভাবে স্থানীয় সরকার নির্বাচন সম্ভব নয়: নাহিদ ইসলাম

কীর্তনখোলা ডেস্ক

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক ও বিরোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম বলেছেন, বর্তমান পরিস্থিতিতে ২ এর পাতায় দেখুন

বরিশাল থেকে কুয়াকাটায় যেতে ৪শ টাকা পৌর চাঁদা

কীর্তনখোলা রিপোর্ট

সূর্যোদয় ও সূর্যাস্তের বেলাভূমি সাগরকন্যা খ্যাত পর্যটন কেন্দ্র কুয়াকাটা। দেশের অন্যতম এই পর্যটন কেন্দ্রটি দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় শহর পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলার ১৮ কিলোমিটার উপকূলজুড়ে বিস্তৃত। পর্যটনকেন্দ্রে সড়কপথে যাতায়াতের জন্য একমাত্র যোগাযোগের মাধ্যম বরিশাল-কুয়াকাটা মহাসড়ক। এই মহাসড়ক ধরেই প্রতিদিন হাজার হাজার পর্যটকদের আগমন ঘটে সাগরকন্যা কুয়াকাটায়। মহাসড়কটি একদিকে যেমন সরু অন্যদিকে পৌর টোলের নামে অতিরিক্ত অর্থ আদায়ের কারণে প্রতিনিয়ত ক্ষোভ বাড়ছে পর্যটক, যানবাহনের চালকসহ এ রুট দিয়ে যাতায়াতকারী সাধারণ যাত্রীদের মধ্যে।

সরেজমিন দেখা গেছে, বরিশাল থেকে কুয়াকাটা মহাসড়কে প্রতিটি যানবাহনকে পাঁচশ টাকা অতিরিক্ত গুনতে হচ্ছে। মহাসড়কের ৫টি স্থানে সিটি ও পৌর টোলের নামে এই অর্থ আদায় করা হচ্ছে। বরিশাল থেকে কুয়াকাটাগামী প্রতিটা পরিবহনকে বরিশাল রূপাতলী বাসস্ট্যান্ড ৫০ টাকা সিটি টোল, পটুয়াখালী বাস টার্মিনালে ১০০ টাকা, আমতলী পৌর টোল ১০০ টাকা, কলাপাড়া ৫০ টাকা এবং কুয়াকাটা পৌর টোলের নামে ১০০ টাকা করে আদায় করা হচ্ছে। এ নিয়ে পর্যটক, চালক ও সাধারণ যাত্রীদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হলেও দেখার যেন কেউ নেই। পরিবহন সংশ্লিষ্টরা জানিয়েছেন, কুয়াকাটা থেকে এই ৫টি স্থান দিয়ে গাড়ি আসার সময় টোল ২ এর পাতায় দেখুন



বরিশাল অঞ্চলে বিদ্যুৎ বিতরণ ও সরবরাহ পরিস্থিতির ব্যাপক উন্নতি

কীর্তনখোলা রিপোর্ট

ভয়াবহ বিপর্যয়ের ২৪ ঘণ্টা পার হওয়ার আগেই বরিশাল অঞ্চলে বিদ্যুৎ বিতরণ ও সরবরাহ পরিস্থিতির ব্যাপক উন্নতি ঘটেছে। তালতলীর সাড়ে ৩ শ মেগাওয়াট ক্ষমতার তাপবিদ্যুৎ কেন্দ্রটি থেকে মঙ্গলবার রাতেই জাতীয় গ্রিডে বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা পূর্বাবস্থায় ফেরায় বিতরণ ব্যবস্থার উন্নতি ঘটতে শুরু করে। মঙ্গলবার রাত ৯টার মধ্যেই বরিশাল অঞ্চল থেকে বিদ্যুতের কোনো ঘাটতি ছিল না। দুর্গাপূজার পরে লক্ষ্মীপূজায় আলোর বন্যা মিলিয়ে যাওয়ার সাথেই বরিশাল অঞ্চলে বিদ্যুৎ ঘাটতিও ভয়াবহ রূপে ফিরে আসে সোমবার সকালে। মঙ্গলবার সকালের পর থেকে ক্রমান্বয়ে বিদ্যুৎ ঘাটতি বেড়ে একপর্যায়ে চাহিদার ৭০ ভাগ পর্যন্ত ঘাটতি তৈরি হয়। দুপুর ২টার পরে ভয়াবহ এ বিদ্যুৎ ঘাটতি অনেকটা মানবিক বিপর্যয় সৃষ্টি করে। এমনকি সমগ্র দক্ষিণাঞ্চলের সর্ববৃহৎ সরকারি চিকিৎসাসেবা প্রতিষ্ঠান শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালসহ ২ এর পাতায় দেখুন

বাবার মৃত্যুশোক সইতে না পেরে মৃত্যুর কোলে ঢলে পড়লেন ছেলে

কীর্তনখোলা রিপোর্ট

বাবার মৃত্যুর শোক সইতে না পেরে মাত্র পাঁচদিনের মধ্যে মৃত্যুবরণ করেছেন বড় ছেলে জেমস তালুকদার (২৬)। হৃদয়বিদারক এ ঘটনাটি ঘটেছে বুধবার (২৮ অক্টোবর) বিকেল তিনটার দিকে বরিশালের গৌরনদীর পশ্চিম চন্দ্রহার গ্রামে। খ্রিস্টান সম্প্রদায়ের জেমস তালুকদার ওই গ্রামের প্রভুদান তালুকদারের ছেলে। তিনি পানবরজে দিনমজুরের কাজ করতেন। মৃতের চাচাতো ভাই রেমন তালুকদার জানিয়েছেন, গত ২৩ অক্টোবর তার চাচা প্রভুদান তালুকদার (৫৫) হৃদরোগে আক্রান্ত হয়ে ভোলা সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। খবর পেয়ে পরিবারের সদস্যরা ২৪ অক্টোবর লাশ বাড়িতে নিয়ে আসেন এবং পরের দিন দাফন করা হয়। বাবার মৃত্যুর পর অনেকটা মানসিকভাবে ভেঙে পড়েন তার বড় ছেলে জেমস তালুকদার। অবশেষে বাবার মৃত্যুর শোক সইতে না পেরে বুধবার বিকেল তিনটার দিকে নিজ বাড়িতে ২ এর পাতায় দেখুন

সবুজ বাংলাদেশ গড়তে সামাজিক দায়বদ্ধতা থেকে কাজ করছে যুবদল: শিরীন

কীর্তনখোলা রিপোর্ট

জাতীয়তাবাদী যুবদলের ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বরিশালে বৃক্ষরোপণ কর্মসূচি পালন করেছে মহানগর যুবদল। বুধবার (২৮ অক্টোবর) সকালে নগরীর ঐতিহ্যবাহী টিবি পুকুরপাড় এলাকায় কেন্দ্রঘোষিত কর্মসূচির অংশ হিসেবে এ আয়োজন করা হয়। কর্মসূচিতে প্রধান অতিথি ছিলেন বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সাংগঠনিক সম্পাদক ও বরিশাল সিটি করপোরেশনের প্রশাসক অ্যাডভোকেট বিলকিস আক্তার জাহান শিরীন। বৃক্ষরোপণ শেষে সংক্ষিপ্ত সমাবেশে তিনি বলেন, পরিবেশের ভারসাম্য রক্ষা ও সবুজ বাংলাদেশ গড়তে যুবদল সামাজিক দায়বদ্ধতা থেকে কাজ করছে। প্রতিষ্ঠাবার্ষিকীতে বৃক্ষরোপণের মাধ্যমে পরিবেশ সংরক্ষণের বার্তা ছড়িয়ে দেওয়া হচ্ছে। অনুষ্ঠানে বরিশাল মহানগর বিএনপির আহ্বায়ক মনিরুজ্জামান খান ফারুক, সদস্য আরিফুর রহমান বাবু ও অ্যাডভোকেট সরোয়ার হোসেন উপস্থিত ছিলেন। এ ছাড়া মহানগর ২ এর পাতায় দেখুন

বদলি-পদোন্নতির সুযোগ ছাড়াই জাতীয়কৃত কলেজ শিক্ষকদের বিধিমালা সংশোধন

কীর্তনখোলা রিপোর্ট

সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্তীকরণ বিধিমালার সংশোধিত গেজেট জারি করেছে সরকার। তবে এতে বদলির সুযোগ রাখা হয়নি। এছাড়া বিধিমালার কয়েকটি ধারায় সংশোধন আনা হয়েছে। মঙ্গলবার (২৭ অক্টোবর) বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় এ সংশোধনী প্রকাশ করা হয়। সরকারি চাকরি আইন, ২০১৮-এর সংশ্লিষ্ট ধারার আলোকে জাতীয়কৃত কলেজের শিক্ষক-কর্মচারীদের চাকরির শর্তসংক্রান্ত বিধিমালায় এসব পরিবর্তন আনা হয়েছে। সংশোধিত বিধিমালায় ২ এর পাতায় দেখুন

জলাশয়ের বহুমুখী ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে মেট্রোপলিটন পুলিশ লাইন্স পুকুরে বিভিন্ন প্রজাতির মৎস্যপোনা অবমুক্ত করেন পুলিশ কমিশনার আবু রায়হান মুহাম্মদ সালেহ্ -কীর্তনখোলা

সম্পাদক থেকে পাঠক, সকলের মুক্ত মত......

হ্যালো ৯৯৯

অনলাইন ও সামাজিক মিডিয়ায় নজরদারি দরকার

ইদানিং সামাজিক যোগাযোগ মাধ্যম ও অনলাইন মিডিয়ায় নানান ধরনের অপপ্রচার ও গুজবে বিভ্রান্ত হওয়া ছাড়া উপায় নাই। প্রথমে যে বিষয়টির পক্ষ নিয়ে কথা বলি পরবর্তীতে মনে হয় কাজটি ঠিক হয়নি। অনুমোদনহীন মোবাইল নিউজের জন্য ও সামাজিক মিডিয়ায় কোনো ধরনের বিধিনিষেধ না থাকার কারণে সুবিধাবাদী লোকেরা তাদের স্বার্থ হাসিল করে নিচ্ছে।

কিছুদিন আগে টঙ্গীর মাদ্রাসায় শিশু ছাত্রীকে চুম্বন নিয়ে বডিবিল্ডার রুমির থাপ্পড় কাণ্ডে দেশের বাবারা মেয়ের সম্মান বাঁচানো জন্য এমন থাপ্পড়ের প্রশংসাই করছিলেন। তাদের ভাষ্য ছিলো ঘরে ঘরে এমন বাবা দরকার। মাদ্রাসার শিক্ষকের বিপক্ষে গিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে তোলপাড় চলছিলো। কিন্তু অতি সম্প্রতি সে ধারনা পরিবর্তন হতে শুরু করে। বের হতে থাকে রুমির নামে নানা প্রচার কিংবা অপপ্রচার। যার কোনোটাই সাধারণ মানুষ আন্দাজ করতে পারছে না। আবার, পিরোজপুরে আল্লামা সাঈদীর বিরুদ্ধে মামলার বাদি মানিক পশারির গার্ড অব অনার ও দাফন-জানাজা নিয়ে যা ছড়াচ্ছে তাও অনেকটাই গুজবে ২ এর পাতায় দেখুন

মুলাদীতে মধ্যরাত পর্যন্ত বোমা বিস্ফোরণ, আতঙ্কে তিন গ্রামের মানুষ

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের মুলাদী উপজেলার সফিপুর ইউনিয়নের তিন গ্রামে রাতভর একের পর এক হাতবোমার বিস্ফোরণের অভিযোগ পাওয়া গেছে। মঙ্গলবার রাত সাড়ে ৮টা থেকে মধ্যরাত পর্যন্ত উত্তর বালিয়াতলী, উত্তর পাতারচর ও বড় লক্ষ্মীপুর গ্রামে অন্তত ১৬ থেকে ১৮টি বিস্ফোরণের শব্দ শোনা গেছে বলে জানিয়েছেন স্থানীয় বাসিন্দারা। এতে গ্রামগুলোতে আতঙ্ক ছড়িয়ে পড়েছে। স্থানীয়দের দাবি, এলাকায় আধিপত্য ধরে রাখা এবং প্রতিপক্ষকে বার্তা দিতে এসব বিস্ফোরণ ঘটানো হচ্ছে। স্থানীয় বাসিন্দাদের ভাষ্য অনুযায়ী, রাত সাড়ে ৮টার দিকে উত্তর বালিয়াতলী এলাকায় পরপর চারটি বিস্ফোরণের শব্দ শোনা যায়। রাত ৯টার দিকে পাশের বড় লক্ষ্মীপুর এলাকায় আরও ৪-৫টি বিস্ফোরণের শব্দে আতঙ্ক ছড়িয়ে পড়ে। রাত ১০টার দিকে উত্তর পাতারচর ও উত্তর বালিয়াতলী এলাকায় ৫-৬টি বিস্ফোরণের ঘটনা ঘটে। কিছু সময় বিরতির পর রাত ১২টার দিকে আবারও একাধিক বিস্ফোরণের শব্দ শোনা যায়। বড় লক্ষ্মীপুর গ্রামের বাসিন্দা মোহাম্মদ সফিউল্লাহ ঘরামী বলেন, গত ১৮ অক্টোবর রাতে সফিপুর ২ এর পাতায় দেখুন

কলেজ ছাত্র মুন্না হত্যাচেষ্টার ঘটনায় আসামীদের পাল্টা মামলা

টাকার বিনিময়ে আদালতে মিথ্যা চার্জশীট দেওয়ার অভিযোগ পিবিআই'র বিরুদ্ধে

কীর্তনখোলা রিপোর্ট

নগরীর নবগ্রাম রোডের নলিতদাস পোল এলাকায় দ্বীন ইসলাম খান ওরফে মুন্নাকে কুপিয়ে গুরুতর জখম করার ঘটনায় দায়ের করা মামলার পর বাদীপক্ষের বিরুদ্ধে করা পাল্টা মামলার তদন্ত নিয়ে গুরুতর প্রশ্ন উঠেছে। আহত ও চিকিৎসাধীন মুন্নার সঙ্গে ঢাকায় অবস্থানরত স্বজনকেও পাল্টা মামলার চার্জশিটে আসামি করার অভিযোগ উঠেছে পিবিআইয়ের তদন্তকারী কর্মকর্তা এএসআই আইয়ুব আলীর বিরুদ্ধে। একই কর্মকর্তাকে নগদ টাকা গ্রহণ করতে দেখেছেন বলে দাবি করেছেন স্থানীয় একাধিক বাসিন্দা ও প্রত্যক্ষদর্শী। এদিকে, তদন্ত নিয়ে জানতে চেয়ে এএসআই আইয়ুব আলীর সঙ্গে যোগাযোগের কিছুক্ষণ পর তিনজন অপরিচিত ব্যক্তি নিজেদের স্থানীয় সাংবাদিক পরিচয় দিয়ে প্রতিবেদককে ফোন করে মামলাটি সম্পর্কে নানা প্রশ্ন করেন। ২ এর পাতায় দেখুন

সাহিত্য সংস্কৃতির নিবিড় পৃষ্ঠপোষক
শেরেবাংলা এ কে ফজলুল হক'র
১৫৩তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে

সাহিত্য সম্মেলন ২০২৬

উদ্বোধনী পর্ব
প্রধান অতিথি
অ্যাডভোকেট বিলকিস আক্তার জাহান শিরীন
প্রশাসক, বরিশাল সিটি করপোরেশন
সভাপতিত্ব করবেন
এস এম সাব্বির নেওয়াজ সাগর
আহ্বায়ক, বাংলাদেশি সাংস্কৃতিক জোট, বরিশাল

সমাপনী পর্ব
প্রধান অতিথি
কবি আবদুল হাই শিকদার
সম্পাদক, দৈনিক যুগান্তর
চেয়ারম্যান, বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস)
সভাপতিত্ব করবেন
কবি মুস্তফা হাবীব
সভাপতি, জাতীয় কবিতা পরিষদ, বরিশাল শাখা

শেরে বাংলা স্মৃতিপদক ২০২৬ মনোনীত গুণিজন
প্রফেসর মোঃ মোসলেম উদ্দীন শিকদার
সাবেক অধ্যক্ষ, গৌরনদী সরকারি কলেজ, বরিশাল

তারিখ : ৩০ অক্টোবর ২০২৬, শুক্রবার
সময়: সকাল ৯টা থেকে বিকেল ৫টা
স্থান : বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, বরিশাল

নিবন্ধনকৃত কবিদের স্বরচিত কবিতা পাঠ

বাংলাদেশি সাংস্কৃতিক জোট
বরিশাল

সন্ত্রাসের রাজনীতি অব্যাহত থাকলে প্রকৃত অধিকার প্রতিষ্ঠা করা সম্ভব নয়

মাওলানা আবদুল জব্বার

কীর্তনখোলা রিপোর্ট

বাংলাদেশ জামায়াতে ইসলামী বরিশাল মহানগরীর উদ্যোগে ২০০৬ সালের ২৮ অক্টোবর দেশব্যাপী আওয়ামীলীগের লগি-বৈঠার তান্ডব ও হত্যাকাণ্ডে জড়িতদের বিচারের দাবিতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। বুধবার (২৮ অক্টোবর) নগরীর টাউন হল চত্বরে এ বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়। বরিশাল মহানগর জামায়াতের সেক্রেটারি অধ্যাপক মাওলানা মতিউর রহমানের সভাপতিত্বে সমাবেশে প্রধান অতিথি ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** ঝালকাঠি সদর ও নলছিটি, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, কলাপাড়া, কুয়াকাটা, **ভোলা জেলা:** ভোলা সদর তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** পিরোজপুর সদর, নাজিরপুর ও **বরিশাল জেলা:** গৌরনদী, উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।
–মফস্বল সম্পাদক, ০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

কার্যকর পদক্ষেপ নিন

দেশে মাদকের বিস্তার ভয়াবহ মাত্রায় বেড়েছে। রাজধানী শহর থেকে শুরু করে প্রত্যন্ত অঞ্চলেও মাদকের ছড়াছড়ি। বড় কথা হলো, আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীর নিয়মিত অভিযানও চলছে, তার পরও পরিস্থিতি নিয়ন্ত্রণে আসছে না। আন্তর্জাতিক চক্র মাদকপাচারের রুট হিসেবে বাংলাদেশকে ব্যবহার করছে। শীর্ষ কারবারিরা আকাশপথসহ দেশের সীমান্তবর্তী ২৪টি জেলার দেড় শতাধিক পয়েন্ট দিয়ে মাদকপাচার করছে। এ পরিস্থিতিতে দেশের অভ্যন্তরীণ নজরদারি বৃদ্ধির পাশাপাশি আঞ্চলিক নিরাপত্তার বিষয়টিও সামনে আসে। সাম্প্রতিক বছরগুলোয় বহুল আলোচিত ইয়াবার মতো ভয়াবহ মাদকের বেশির ভাগই প্রবেশ করছে মিয়ানমার দিয়ে টেকনাফ সীমান্ত হয়ে। পরবর্তী সময়ে চক্রের মাধ্যমে এই মাদক দেশের বিভিন্ন প্রান্তে ছড়িয়ে পড়ে। বলা হচ্ছে, পরিস্থিতি নিয়ন্ত্রণে ওই এলাকা বিশেষ গোয়েন্দা নজরদারির আওতায় আনা হয়েছে। অন্যদিকে আকাশপথে নতুন ধরনের মাদক কুশ দেশে আনছে একটি আন্তর্জাতিক চক্র। দেশের দুটি বিমানবন্দরসহ স্থলসীমান্তগুলো মাদকপাচারের রুট হিসেবে ব্যবহৃত হচ্ছে। জানা গেছে, কুশ নিয়ে আসছে থাইল্যান্ড, ভারত ও বাংলাদেশের নাগরিকদের একটি চক্র। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (ডিএনসি) সূত্র বলছে, দেশে মাদকের বিস্তার ঠেকাতে আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীর নিয়মিত কঠোর অভিযান চলছে। চলতি বছরের প্রথম ছয় মাসে (জানুয়ারি-জুন) তিন কোটি চার লাখ ৯৪ হাজার ৩৩৩ পিস ইয়াবা জব্দ করা হয়। সেই হিসাবে প্রতিদিন এক লাখ ৬৯ হাজারের বেশি ইয়াবা জব্দ করা হয়, যা গত বছরের তুলনায় প্রতিদিন ৫০ হাজারের বেশি ইয়াবা জব্দ বেড়েছে। এ ছাড়া মাদকপাচারে জড়িতদের গ্রেপ্তারও করা হচ্ছে। খবরে বলা হয়েছে, গত এক বছরে মিয়ানমার-কক্সবাজার সীমান্ত দিয়ে মাদক প্রবেশের অভিযোগে ৩৯০টি মামলা হয়েছে। এসব মামলায় ৪৪৯ জনকে গ্রেপ্তার করা হয়। এ ছাড়া দেশের বিভিন্ন সীমান্তবর্তী জেলায় মাদকবিরোধী অভিযান চালিয়ে গত এক বছরে ১১ হাজার ৯৩১টি মামলা হয়েছে। এসব মামলায় ১২ হাজার ৭১৭ জনকে গ্রেপ্তার করা হয়। বিশেষজ্ঞরা বলছেন, ভৌগোলিক অবস্থানের কারণে বাংলাদেশকে মাদকপাচারের রুট হিসেবে ব্যবহার করছে আন্তর্জাতিক চক্র। 'গোল্ডেন ট্রায়াঙ্গল' অঞ্চলের কাছাকাছি হওয়ায় একদিকে মিয়ানমার, অন্যদিকে ভারত সীমান্ত দিয়ে মাদক ঢুকছে দেশে। কাজেই পরিস্থিতি মোকাবেলায় আঞ্চলিক দেশগুলোর পারস্পরিক সহায়তা জরুরি হয়ে পড়েছে। দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ার সাত দেশের জোট বিমসটেকের যাত্রা শুরু হয়েছিল মূলত মাদক, বাণিজ্য, যোগাযোগ, জ্বালানি, নিরাপত্তা, কৃষি, পর্যটন, প্রযুক্তিসহ বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা বাড়ানোর লক্ষ্য নিয়ে। জোটের প্রতিনিধিরা নিয়মিত বৈঠকে মিলিত হন। বিশেষজ্ঞরা মনে করেন, মাদকপাচার নিয়ন্ত্রণে এই জোটের আরো কার্যকর ভূমিকা নেওয়া প্রয়োজন।

বর্তমান পরিস্থিতিতে সুষ্ঠুভাবে

সুষ্ঠুভাবে স্থানীয় সরকার নির্বাচন করা সম্ভব নয়। নির্বাচন কমিশন ও পুলিশ প্রশাসনের দলীয়করণ এবং রাজনৈতিক সহিংসতার কারণে নির্বাচন শান্তিপূর্ণ হওয়া নিয়ে শঙ্কা রয়েছে। সুষ্ঠু নির্বাচন নিশ্চিত করতে নির্বাচন কমিশনের কাছে ১১ দলীয় জোটের পক্ষ থেকে সুনির্দিষ্ট প্রস্তাব দেওয়া হবে। বুধবার (২৮ অক্টোবর) দুপুরে রাজবাড়ী পৌরসভার রজনীগন্ধা মিলনায়তনে আসন্ন স্থানীয় সরকার নির্বাচনকে কেন্দ্র করে পাঁচ জেলার নেতা-কর্মীদের সঙ্গে মতবিনিময় সভার আগে আয়োজিত প্রেস ব্রিফিংয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। নাহিদ ইসলাম বলেন, স্থানীয় সরকার নির্বাচন শান্তিপূর্ণ হবে, এমনটা আমাদের কাছে মনে হচ্ছে না। এই কয়েক দিনে সরকারদলীয় অন্তঃকোন্দলে কয়েকশ মানুষ আহত ও নিহত হয়েছেন। নির্বাচন কমিশন ও পুলিশ প্রশাসন দলীয়করণ হয়েছে এবং ক্রমাগত হচ্ছে। এই পরিস্থিতিতে সুষ্ঠুভাবে স্থানীয় সরকার নির্বাচন করা সম্ভব নয়। আজও ১১ দলীয় জোটের পক্ষ থেকে নির্বাচন কমিশনারের সঙ্গে কথা বলতে যাওয়া হয়েছে। নির্বাচন কমিশনকে আমরা সুনির্দিষ্ট কিছু প্রস্তাব দেব। সেই প্রস্তাবনার ভিত্তিতে স্থানীয় সরকার নির্বাচন হতে হবে। আওয়ামী লীগ প্রসঙ্গে এনসিপির আহ্বায়ক বলেন, ৫ আগস্ট গণঅভ্যুত্থানের মধ্য দিয়ে আওয়ামী লীগ পরাজিত হয়েছে। বাংলাদেশের মানুষ ও ছাত্র-জনতা জীবন ও রক্ত দিয়ে ফ্যাসিবাদ উৎখাত করেছে। আওয়ামী লীগের বিরুদ্ধে তাদের লড়াই আদর্শিক। আওয়ামী লীগ পরাজিত হলেও ফ্যাসিবাদের দোসররা বিভিন্ন জায়গায় রয়েছে। তাদের বিরুদ্ধেও লড়াই অব্যাহত থাকবে। তিনি বলেন, ফ্যাসিবাদ একদিকে, স্বৈরাচার একদিকে, আরেক দিকে নতুন চাঁদাবাজ ও দুর্নীতিবাজ শক্তি–এরা মিলে মিশে একাকার হয়ে গেছে। এখন এই দুই শক্তির বিরুদ্ধে লড়াই করে বাংলাদেশের মানুষকে মুক্তি দিতে হবে। সাংবাদিকদের নিয়ে পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) মো. আলী হোসেন ফকিরের আপত্তিকর মন্তব্যের সমালোচনা করে নাহিদ ইসলাম বলেন, পুলিশ এ ধরনের কথা বলতে পারে না। নিজেদের দায় সাংবাদিকদের ওপর চাপানোর পরিবর্তে পুলিশের দায়িত্ব হলো অপরাধের সঙ্গে জড়িত ব্যক্তিদের খুঁজে বের করা। সাংবাদিকেরা তথ্য সংগ্রহ করে সংবাদ প্রকাশ করেছেন। তাদের তথ্যে ভুল থাকলে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়ার সুযোগ রয়েছে। কিন্তু পুলিশের প্রধান দায়িত্বশীল অবস্থানে থেকে সাংবাদিকদের বিরুদ্ধে এমন মন্তব্য করা উচিত নয়। মাদক সিন্ডিকেট প্রসঙ্গে তিনি বলেন, পুলিশ, প্রশাসন ও রাজনৈতিক ব্যক্তিবর্গের একটি অংশ এই সিন্ডিকেটের সঙ্গে জড়িত বলে তারা মনে করেন। রাজনৈতিক পৃষ্ঠপোষকতা ছাড়া মাদকের সিন্ডিকেট টিকে থাকতে পারে না। আগে আওয়ামী লীগ এই পৃষ্ঠপোষকতা দিয়েছে, এখন বিএনপি দিচ্ছে বলে অভিযোগ করেন তিনি। এই সিন্ডিকেট ভেঙে জড়িত ব্যক্তিদের জবাবদিহির আওতায় আনতে না পারলে মাদক নির্মূল সম্ভব নয় বলেও মন্তব্য করেন তিনি। গণমাধ্যমের স্বাধীনতা নিয়ে উদ্বেগ প্রকাশ করে নাহিদ ইসলাম বলেন, বর্তমানে সাংবাদিকদের ওপর গুলি চালানো ও মারধরের ঘটনা ঘটছে। তার অভিযোগ, বর্তমান সরকার গণমাধ্যমের স্বাধীনতায় বিশ্বাস করে না। গণমাধ্যম সংস্কার কমিশনের কোনো প্রস্তাবই সরকার বাস্তবায়ন করেনি। ফলে গণমাধ্যমের কণ্ঠরোধ করা হচ্ছে এবং সত্য তুলে ধরতে গিয়ে সাংবাদিকেরা নির্যাতনের শিকার হচ্ছেন। তিনি আরও বলেন, বিভিন্ন গণমাধ্যম প্রতিষ্ঠান থেকে সরকারের সমালোচকদের বের করে দেওয়া হচ্ছে। মতপ্রকাশের স্বাধীনতা নিয়ে তারা উদ্বিগ্ন। সাংবাদিক ও গণমাধ্যমের পাশে রয়েছেন তারা। এসব বিষয় সংসদেও তুলে ধরা হচ্ছে বলে জানান তিনি। ব্যাংকিং খাতের সংস্কার প্রসঙ্গে এনসিপির আহ্বায়ক বলেন, বাংলাদেশে ব্যাংকিং খাতে কার্যকর কোনো সংস্কার হয়নি। ব্যাংকের প্রতি জনগণের আস্থা এখনো ফিরে আসেনি। মানুষ তাদের কষ্টার্জিত অর্থ ব্যাংকে আমানত হিসেবে রাখতে আস্থা পাচ্ছে না। তিনি বলেন, বাজেট অধিবেশনে অর্থমন্ত্রীর বক্তব্যে অর্থনৈতিক সংস্কারের সুস্পষ্ট রূপরেখা পাওয়া যায়নি। ঋণখেলাপি ও অর্থ পাচারকারীদের বিরুদ্ধে কার্যকর সিদ্ধান্তও আসেনি বলে অভিযোগ করেন তিনি। বরং সরকারদলীয় সংসদ সদস্যদের মধ্যে ঋণখেলাপিদের সংসদে নিয়ে আসা হয়েছে বলে মন্তব্য করেন নাহিদ ইসলাম।

বিদেশি গোয়েন্দা সংস্থার সঙ্গে

বলে বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত সংবাদ সঠিক নয় বলে দাবি করেছে দলটি। এ ধরনের খবরের প্রতিবাদ জানিয়ে জামায়াত বলেছে, দলটির সুনাম ক্ষুণ্ন করতে অসত্য তথ্য ছড়ানো হচ্ছে। গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে এ প্রতিবাদ জানান জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল ও প্রচার ও মিডিয়া বিভাগের সেক্রেটারি এডভোকেট এহসানুল মাহবুব জুবায়ের। বিবৃতিতে এহসানুল মাহবুব জুবায়ের বলেন, 'বাংলাদেশ জামায়াতে ইসলামী নিয়মতান্ত্রিক পন্থায় রাজনৈতিক কর্মকাণ্ড পরিচালনা করে এবং রাষ্ট্রীয় মর্যাদা সমুন্নত রেখে বিদেশি রাষ্ট্রগুলোর সঙ্গে কূটনৈতিক সম্পর্ক বজায় রাখে। সম্প্রতি দলের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার একটি দেশের গোয়েন্দা সংস্থার সঙ্গে বৈঠক করেছেন বলে বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত খবরের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি।' জুবায়ের বলেন, যাঁরা গোলাম পরওয়ারকে জড়িয়ে এমন তথ্য প্রকাশ করেছেন এবং তা প্রমাণের চ্যালেঞ্জ জানিয়েছেন, তাঁদের উচিত অভিযোগের সত্যতা জাতির সামনে তুলে ধরা। অসত্য তথ্য দিয়ে জামায়াতের সেক্রেটারি জেনারেলকে বিতর্কিত করার চেষ্টা সফল হবে না বলেও মন্তব্য করেন তিনি। বিবৃতিতে জুবায়ের আরও বলেন, জাতীয় গুরুত্বপূর্ণ বিষয়ে সংশ্লিষ্ট অভিযোগের সত্যতা ও তথ্যের যথার্থতা যাচাই করে প্রমাণের ভিত্তিতে দায়িত্বশীল সংবাদ প্রকাশ করা গণমাধ্যমের কর্তব্য। একই সঙ্গে মিথ্যা প্রচারণা ও অপপ্রচারের বিষয়ে সতর্ক থাকতে এবং বিভ্রান্ত না হতে নাগরিকদের প্রতি আহ্বান জানান তিনি।

দেশ গঠনে প্রতিটি প্রবাসীকে

প্রবাসী বাংলাদেশি ও ব্যবসায়ী সম্প্রদায়ের সঙ্গে আয়োজিত এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আহ্বান জানান। স্থানীয় সময় বুধবার (২৮ অক্টোবর) বিকেলে টোকিও'র 'হোটেল নিউ ওতানি'র হলরুমে বাংলাদেশ কমিউনিটির জাপান এই মতবিনিময় সভার আয়োজন করে। যেখানে প্রবাসী বাংলাদেশিদের কয়েকজন তাদের অভিমত তুলে ধরেন এবং প্রধানমন্ত্রীর কাছে বিভিন্ন বিষয়ে জানতে চান। এর আগে প্রধানমন্ত্রী ও অতিথিরা অনুষ্ঠানস্থলে পৌঁছালে প্রবাসীরা করতালি দিয়ে স্বাগত জানান। প্রবাসীদের প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী জাপানি ভাষা শিক্ষা, স্বাস্থ্যসেবা, খেলাধুলোসহ বিভিন্ন মাধ্যমে শিশুদের গড়ে তোলা, ব্যবসা-বাণিজ্য সহজীকরণে নানা উদ্যোগ, বন্ধ শিল্প-কলখানা, বিনিয়োগ, কর্মসংস্থান প্রভৃতি বিষয়ে প্রধানমন্ত্রী তার পরিকল্পনাগুলো তুলে ধরেন। দেশের উন্নয়ন, সংস্কার এবং আন্তর্জাতিক বিনিয়োগ বৃদ্ধিতে প্রবাসী বাংলাদেশিদের সক্রিয় ভূমিকা রাখারও আহ্বান জানান প্রধানমন্ত্রী। তিনি বলেন, আপনারা প্রত্যেকেই বিদেশের মাটিতে দেশের একেকজন মূল প্রতিনিধি বা অ্যাম্বাসেডর। সরকারের পাশাপাশি আপনারা যদি বাংলাদেশের বিনিয়োগ সম্ভাবনা ও ভালো দিকগুলো জাপানি ব্যবসায়ী ও নীতি-নির্ধারকদের কাছে তুলে ধরেন, তবে দীর্ঘমেয়াদে দেশ ও দেশের মানুষ উপকৃত হবে। জাপানি বিনিয়োগকারীদের অভূতপূর্ব সাড়া মিলছে জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, জাপান সরকার, শীর্ষ সিনিয়র লিডারশিপ এবং ব্যবসায়ী মহলের সঙ্গে ধারাবাহিক বৈঠকের পর দেখা গেছে, বাংলাদেশে বিনিয়োগে জাপানিদের প্রবল আগ্রহ রয়েছে। স্বাধীনতার আগে ও পরবর্তীতে বাংলাদেশ পুনর্গঠন ও অর্থনৈতিক উন্নয়নে জাপানের সহযোগী ভূমিকা স্মরণের পাশাপাশি উল্লেখ করা হয়, জাপানি বিনিয়োগকারীরা বাংলাদেশে বিনিয়োগ করতে মুখিয়ে আছেন। এখন আমাদের প্রশাসনিক ও অর্থনৈতিক প্রস্তুতি জোরদার করতে হবে, যাতে এই বিনিয়োগ দ্রুত দেশে নিয়ে আসা সম্ভব হয়। এই বিনিয়োগের ফলে প্রধান ৪টি ইতিবাচক পরিবর্তন আসবে বলে জানান প্রধানমন্ত্রী। তার মতে, সেগুলো হলো– ১. দেশে বিপুল পরিমাণে দেশি-বিদেশি বিনিয়োগ আসবে। ২. নতুন শিল্প-কারখানা গড়ে উঠে জাতীয় সম্পদে পরিণত হবে। ৩. দেশের যুবসমাজের জন্য বড় আকারের কর্মসংস্থান সৃষ্টি হবে। ৪. বৈদেশিক মুদ্রা অর্জনের মাধ্যমে দেশের সামগ্রিক অর্থনীতি শক্তিশালী হবে। সাধারণ মানুষের জীবনমান উন্নয়নের ওপর গুরুত্ব আরোপ করে তারেক রহমান বলেন, এয়ার-কন্ডিশন্ড রুমের তাত্ত্বিক আলোচনার চেয়ে খেটে খাওয়া ও প্রান্তিক মানুষের কাজে আসে–এমন সংস্কারই এই মুহূর্তে সবচেয়ে জরুরি।

বাংলাদেশ এখন আর সাহায্য

ইসলাম আলমগীর। তিনি বলেন, বাংলাদেশ এখন আর সাহায্য নয়, বরং ব্যাপক বিনিয়োগ চায়। বুধবার (২৮ অক্টোবর) বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে বাংলাদেশে নিযুক্ত সুইজারল্যান্ডের রাষ্ট্রদূত রেটো জিগফ্রিড রেঙ্গলি সৌজন্য সাক্ষাৎ করতে গেলে তিনি এ আহ্বান জানান।সাক্ষাৎকালে রাষ্ট্রপতি বাংলাদেশে কার্যক্রম পরিচালনাকারী সুইজারল্যান্ডের স্বনামধন্য প্রতিষ্ঠানগুলোর অবদানের প্রশংসা করেন এবং সম্ভাবনাময় বিভিন্ন খাতে সুইস বিনিয়োগ বাড়ানোর ওপর গুরুত্বারোপ করেন। বাংলাদেশের বিপুল সম্ভাবনার কথা উল্লেখ করে রাষ্ট্রপতি বলেন, বিনিয়োগ বাড়লে দেশে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে, বাংলাদেশ দ্রুত এগিয়ে যেতে পারবে। সাক্ষাৎকালে রাষ্ট্রপতি সুইজারল্যান্ডের স্থানীয় সরকার ব্যবস্থার প্রশংসা করেন। বাংলাদেশের স্থানীয় সরকার ব্যবস্থা আরও কার্যকর ও শক্তিশালী করতে সুইজারল্যান্ডের অভিজ্ঞতা কাজে লাগানোর আগ্রহ প্রকাশ করে তিনি এক্ষেত্রে দেশটির সহযোগিতা কামনা করেন। রাষ্ট্রদূত এ বিষয়ে তার দেশের সহযোগিতার আশ্বাস দেন।রাষ্ট্রপতি বাংলাদেশের গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলোর সক্ষমতা বৃদ্ধি এবং সংসদীয় কার্যক্রম শক্তিশালী করতে সুইজারল্যান্ডের সহযোগিতার প্রশংসা করেন। তিনি আশা প্রকাশ করেন, দুই দেশের বিদ্যমান বন্ধুত্বপূর্ণ সম্পর্ক ভবিষ্যতে বিনিয়োগ, বাণিজ্য ও অর্থনৈতিক সহযোগিতার নতুন সুযোগ সৃষ্টি করবে। সাক্ষাৎকালে জলবায়ু পরিবর্তন মোকাবিলা, দক্ষতা উন্নয়ন, সাংস্কৃতিক বিনিময়, কারিগরি শিক্ষা এবং শিক্ষা ও গবেষণায় সহযোগিতার বিষয়েও আলোচনা হয়।এসময় রাষ্ট্রপতির সামরিক সচিব, সচিব, প্রেস সচিব ও পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক এবং সুইজারল্যান্ড দূতাবাসের উপমিশন প্রধান দিপাক এলমার উপস্থিত ছিলেন।

সবুজ বাংলাদেশ গড়তে সামাজিক দায়বদ্ধতা

যুবদলের ভারপ্রাপ্ত সভাপতি মাকসুদুর রহমান মাসুদ, সাধারণ সম্পাদক মাসুদ হাসান মামুন, সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাডভোকেট মাজহারুল ইসলাম জাহান ও ১ নম্বর যুগ্ম সাধারণ সম্পাদক শহিদুল হাসান আনিসসহ বিএনপি ও অঙ্গ-সহযোগী সংগঠনের নেতাকর্মীরা অংশ নেন। বৃক্ষরোপণ শেষে যুবদলের সাফল্য, সাংগঠনিক অগ্রগতি, দেশের সার্বভৌমত্ব ও সমৃদ্ধি কামনায় দোয়া এবং সংক্ষিপ্ত আলোচনা অনুষ্ঠিত হয়।

গৌরনদী উপজেলা হাসপাতালে

ডা. আবুল ফাতাহ মো. নাসেরকে ভারপ্রাপ্ত ইউএইচএফপিওর দায়িত্ব দেওয়া হয়। তবে তাকে আর্থিক ক্ষমতা প্রদান করা হয়নি। এদিকে গত ৬ সেপ্টেম্বর স্বাস্থ্য অধিদপ্তরের এক প্রজ্ঞাপনে জয়পুরহাটের পাঁচবিবি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ইউএইচএফপিও ডা. শ্রী তরুণ কুমার পালকে গৌরনদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে বদলি করা হয়। তবে তিনি এখনো সেখানে যোগদান করেননি। ফলে হাসপাতালে চিকিৎসাসেবা চালু থাকলেও দাপ্তরিক ও আর্থিক কার্যক্রমে তৈরি হয়েছে অচলাবস্থা। হাসপাতাল সূত্রে আরও জানা গেছে, গৌরনদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কর্মরত ২৫ জন চিকিৎসক, ৩৮ জন নার্সসহ মোট ১৬১ জন কর্মকর্তা-কর্মচারীর বেতন-ভাতা আটকে রয়েছে। ভারপ্রাপ্ত কর্মকর্তার আর্থিক ক্ষমতা না থাকায় তার স্বাক্ষরে কিছু দাপ্তরিক কাজ সম্পন্ন করা গেলেও বেতন-ভাতা ও অন্যান্য বিল উত্তোলন করা সম্ভব হচ্ছে না। নাম প্রকাশ না করার শর্তে হিন্দু সম্প্রদায়ের একাধিক কর্মচারী ক্ষোভ প্রকাশ করে বলেন, দুর্গাপূজার আগে বেতন ও বোনাস পাওয়ার আশা করেছিলেন তারা। কিন্তু শেষ পর্যন্ত কিছুই পাননি। এতে এবার তাদের পরিবারের সদস্যরা পূজার আনন্দ থেকে বঞ্চিত হয়েছেন। নাম প্রকাশ না করার শর্তে হাসপাতালের এক কর্মকর্তা বলেন, চলতি মাসের ১৮ তারিখ থেকে নতুন পে-স্কেল অনুযায়ী বেতন পুনর্নির্ধারণের কাজ শুরু হয়েছে। কিন্তু ইউএইচএফপিও না থাকায় বেতন পুনর্নির্ধারণের কাজও করা যাচ্ছে না। বেতন-ভাতা ছাড়াও হাসপাতালের পথ্য সরবরাহ, ওষুধ কেনা, অ্যাম্বুলেন্সের জ্বালানি সংগ্রহসহ বিভিন্ন আর্থিক লেনদেন বন্ধ রয়েছে। এতে হাসপাতালের স্বাভাবিক কার্যক্রম পরিচালনায় সমস্যা হচ্ছে। গৌরনদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) ডা. তৌকির আহমেদ বলেন, ভারপ্রাপ্ত ইউএইচএফপিওকে আর্থিক ক্ষমতা দেওয়া হয়নি। এ কারণে প্রায় দুই মাস ধরে কেউ বেতন তুলতে পারেননি। পাশাপাশি হাসপাতালের সব আর্থিক কার্যক্রম আটকে আছে। বিষয়টি ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে। এ বিষয়ে বরিশালের সিভিল সার্জন ডা. মো. সাইয়েদুর রহমান বলেন, নতুন ইউএইচএফপিও নিয়োগের জন্য প্রস্তাব পাঠানো হয়েছে। আশা করা হচ্ছে, দ্রুত এ বিষয়ে আদেশ জারি হবে। গৌরনদী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) বলেন, দ্রুত সময়ের মধ্যে যাতে নতুন ইউএইচএফপিও হাসপাতালে যোগদান করতে পারেন, সে বিষয়ে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করা হয়েছে। শিগগিরই সমস্যার সমাধান হবে বলে আশা করছেন তারা।

বাবার মৃত্যুশোক সইতে না পেরে

অসুস্থ হয়ে জেমসের মৃত্যু হয়। রেমন তালুকদার আরও জানিয়েছেন, বাবা-ছেলের এমন আকস্মিক মৃত্যুর ঘটনায় পরিবারসহ পুরো এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। তথ্যের সত্যতা নিশ্চিত করে বাটাজোর ইউনিয়নের ৫ নম্বর ওয়ার্ডের ইউপি সদস্য হোসেন বেপারী জানিয়েছেন, ঘটনাটি হৃদয়বিদারক। আমরা এলাকাবাসী পরিবারটির পাশে রয়েছি।

বরিশাল অঞ্চলে বিদ্যুৎ বিতরণ

এ অঞ্চলের সবগুলো সরকারি-বেসরকারি চিকিৎসাসেবা প্রতিষ্ঠানেও বিদ্যুৎ সরবরাহ দফায় দফায় বন্ধ হয়ে যাওয়ায় অনেক জরুরি অস্ত্রোপচারেও মারাত্মক প্রতিবন্ধকতা সৃষ্টি হয়। এমনকি জাতীয় গ্রিডের ত্রুটির রেশ ধরে তালতলীতে আরএমসিএলের সাড়ে ৩ শ মেগাওয়াট উৎপাদন ক্ষমতার তাপবিদ্যুৎ কেন্দ্রটি আকস্মিকভাবেই বন্ধ হয়ে যাওয়ায় পরিস্থিতি আরও ভয়াবহ আকার ধারণ করে। তবে ওই উৎপাদন কেন্দ্রটি বন্ধ হলেও বরিশাল, পায়রা ও ভোলাসহ এ অঞ্চল থেকে জাতীয় গ্রিডে ৩ হাজার মেগাওয়াটেরও বেশি বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। কিন্তু জাতীয় গ্রিড থেকে এ অঞ্চলের সাড়ে ৮ শ মেগাওয়াট চাহিদার বিপরীতে একপর্যায়ে সরবরাহ ২ শ মেগাওয়াটের নিচে নামিয়ে আনা হয়। ফলে এ অঞ্চলের শিল্প উৎপাদন প্রায় সম্পূর্ণই বন্ধ হয়ে যাওয়ার পাশাপাশি ব্যবসা-বাণিজ্যেও ভয়াবহ বিপর্যয় নেমে এসেছে। সদ্য সমাপ্ত দুটি পূজাপার্বণে বিদ্যুৎ সরবরাহ পরিপূর্ণ নির্বিঘ্ন থাকলেও রোববার লক্ষ্মীপূজা সম্পাদনের পরে সোমবার থেকেই বরিশাল অঞ্চলে আবার লোডশেডিং ফিরে এসেছে। এ অঞ্চলে ডে-পিক ও নাইট-পিক আওয়ারে সাড়ে ৮ শ মেগাওয়াট চাহিদার বিপরীতে সরবরাহ সাড়ে ৬ শ মেগাওয়াটে নেমে আসলেও মঙ্গলবার দুপুর ১২টা থেকে পরিস্থিতি আরও ভয়াবহ আকার ধারণ করতে থাকে। একপর্যায়ে চাহিদার মাত্র ৩০ ভাগ বিদ্যুৎ সরবরাহ করা হয় জাতীয় গ্রিড থেকে। দুপুর ২টার পরে বরিশাল মহানগরীসহ ঝালকাঠি জেলা সংকট নিরসনে কোনো পদক্ষেপের কথা বলতে পারেনি। মঙ্গলবারের ভয়াবহ বিদ্যুৎ ঘাটতিতে এ অঞ্চলের হাসপাতালগুলোর বেডে অনেক মুমূর্ষু রোগী রোগযন্ত্রণায় কাতরালেও বিদ্যুৎ তাদের ক্ষমা করেনি। পরিস্থিতি সামলে মঙ্গলবার বিকেল থেকে বিদ্যুৎ সরবরাহ চাহিদার ৬০ ভাগে উন্নীত করা সম্ভব হলেও বুধবার ভোর থেকেই বরিশাল মহানগরীর বিভিন্ন ফিডারে পুনরায় বিদ্যুৎ সরবরাহ প্রায় স্বাভাবিক হয়ে এসেছে। সরবরাহ ও বিতরণ কোম্পানি ওজোপাডিকো, আরইবি এবং সঞ্চালন কোম্পানি পিজিসিবির দায়িত্বশীল মহল লাগাতার এই বিদ্যুৎ সংকট থেকে উত্তরণের কোনো সুষ্ঠু সমাধানের পথ দেখাতে পারছেন না। তবে বুধবার দিনভরই বরিশাল অঞ্চলজুড়ে বিদ্যুৎ সরবরাহ ও বিতরণ ব্যবস্থার ব্যাপক উন্নতি লক্ষ্য করা গেছে।

টাকার বিনিময়ে আদালতে মিথ্যা চার্জশীট

তাদের কথার ধরন প্রতিবেদকের কাছে ভয় দেখানোর মতো মনে হয়েছে। সব মিলিয়ে মামলার তদন্তের নিরপেক্ষতা, চার্জশিটের ভিত্তি এবং সংশ্লিষ্ট অভিযোগগুলোর স্বচ্ছ অনুসন্ধানের দাবি উঠেছে।

মোটা অংকের টাকার বিনিময়ে আদালতে মনগড়া তদন্ত প্রতিবেদন দেওয়ার অভিযোগ উঠেছে পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন পিবিআই এর এক সহকারী উপপরিদর্শক এর বিরুদ্ধে। গত ১৫ অক্টোবর আদালতে এ প্রতিবেদন দাখিল করেন পিবিআই এর এএসআই মো: আইউব আলী। তদন্ত প্রতিবেদনে যেসব বিষয় উল্লেখ করা হয়েছে তার সাথে বাস্তবতার কোন মিল নেই। এছাড়াও তদন্ত কর্মকর্তা বাদীর কাছ থেকে ঘুষ নিয়ে আসামীদের হয়রানীর উদ্দেশ্যে এ ধরণের মিথ্যা ও বানোয়াট প্রতিবেদন দাখিল করেছেন আদালতে। এবিষয়ে মামলার আসামীরা পুলিশের উর্ধ্বতন কর্মকর্তাদের হস্তক্ষেপ কামনা করছেন।

আদালত সূত্রে জানাগেছে-গত ৩০ জুলাই মারামারি ও লুটপাটের অভিযোগ এনে ৮জনকে আসামী করে একটি মামলা করেন নগরীর নলিতদাসের পোল এলাকার বাসীন্দা কামাল উদ্দীনের স্ত্রী নার্গিস আকতার। ওই মামলা তদন্তের জন্য পিবিআইকে নির্দেশ দেন অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক। আদালতের নির্দেশনা পেয়ে বরিশাল পিবিআই এর পুলিশ সুপার, এএসআই আইউব আলীকে সরেজমিনে তদন্তের নির্দেশ দেন। এরপর তদন্তকারী কর্মকর্তা সরেজমিনে তদন্তে গিয়ে বাদী পক্ষের সাথে আঁতাত করে মনগড়া প্রতিবেদন তৈরী করেন।

মামলার ৩ নম্বর আসামী মজিবুর রহমান সুরুজ অভিযোগ করে বলেন- পুলিশ যে তদন্ত প্রতিবেদন আদালতে জমা দিয়েছেন তার সাথে বাস্তবতার কোন মিল নেই। প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে 'আমি বাদীর ঘরে প্রবেশ করে এক লাখ ৫ হাজার টাকার ক্ষতিসাধন করি এবং শ্লীলতাহানী করি। যাওয়ার সময় তাদের খুন জখমের হুমকী প্রদান করা হয়'। অথচ ঘটনার দিন আমি বরিশালেই ছিলাম না। ওইদিন আমি আমার শ্বশুর বাড়ী নলছিটি উপজেলার স্টেশন রোডে অবস্থান করছিলাম। যা মোবাইল ট্র্যাকিং করলেও সত্যতা পাওয়া যাবে। কিন্তু তদন্তকারী কর্মকর্তা কোন কিছু যাচাই বাছাই ছাড়াই টাকার বিনিময়ে এ ধরণের মনগড়া প্রতিবেদন দাখিল করেছেন। আমি পুলিশের উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে এর সুষ্ঠু তদন্ত দাবী করছি।

একই মামলার ২ নম্বর আসামী মো: মারুফ খান ও ৬ নম্বর আসামী সত্তার খান অভিযোগ করে বলেন-যেদিন ওই বাড়ীতে ভাংচুরেরর ঘটনা ঘটে সেদিন আমরা ঢাকায় ছিলাম। কুরবানীর ঈদ পালনের উদ্দেশ্যে ২৫ মে আমরা ঢাকায় চলে যাই। অথচ তদন্ত প্রতিবেদনে বলা হয়েছে 'আমরা নাকি বসতঘরে হামলা-ভাংচুর করে মোবাইল নিয়েছি। প্রশ্ন হলো ঢাকায় বসে আমরা কিভাবে বরিশালে হামলায় অংশ নিলাম।

প্রতিবেদনে ৬ ও ৭ নম্বর আসামীর সম্পৃক্ততার কথা উল্লেখ করেছেন তদন্তকারী কর্মকর্তা আইউব আলী। অথচ মামলার বাদি মামলায় তাদের ব্যাপারে কোন অভিযোগ করেননি। এএসআই টাকার বিনিময়ে অতি উৎসাহী হয়ে তাদের বিরুদ্ধেও মনগড়া প্রতিবেদন দিয়েছেন।

সবচেয়ে আশ্চর্যের বিষয় হলে নিরপেক্ষ সাক্ষী হিসেবে রহিমা বেগম ও কালাম নামে দু'জনের বক্তব্য প্রতিবেদনে উল্লেখ করেছেন তদন্তকারী কর্মকর্তা। কিন্তু যাদের নিরপেক্ষ সাক্ষী বলা হয়েছে তারা মামলার বাদীর নিকটাত্মীয়। প্রশ্ন হচ্ছে-যারা বাদীর আত্মীয় তারা কি কখনো নিরপেক্ষ সাক্ষী দেবেন? এখানে স্থানীয় কারো সাক্ষী গ্রহণ করা হয়নি। যারা নিরপেক্ষ ছিলো তাদের কোন বক্তব্য লিপিবদ্ধ করেননি তদন্তকারী কর্মকর্তা আইউব আলী। সুতরাং তিনি যে অর্থের বিনিময়ে এ মামলার চার্জশীট তৈরী করেছেন তাতে কোন সন্দেহ নেই।

অভিযোগের বিষয়ে সহকারী উপপরিদর্শক আইউব আলীর কাছে জানতে চাইলে তিনি এ প্রতিবেদককে চায়ের দাওয়াত দিয়ে ফোনের সংযোগ বিচ্ছিন্ন করে দেন।

উল্লেখ্য ঘটনার সূত্রপাত গত ৩১ মে সকালে নগরীর নবগ্রাম রোডের নলিদাস পোল এলাকায় নির্মাণাধীন ঘরের জন্য আনা বালু রাখা নিয়ে বিরোধের জেরে দ্বীন ইসলাম খান ওরফে মুন্না (৩১) গুরুতর জখম হন। মুন্না ওই এলাকার বাসিন্দা লিটন খানের ছেলে। পরিবারের অভিযোগ, এর আগে ২৯ মে রাতে বালু রাখা নিয়ে প্রতিবেশীদের সঙ্গে কথা-কাটাকাটি ও ঝগড়ার ঘটনা ঘটেছিল। পরে বিষয়টি মীমাংসা হয়েছে বলে তারা মনে করেছিলেন। কিন্তু ৩১ মে সকালে মুন্না কাজের উদ্দেশ্যে বের হলে প্রতিপক্ষের লোকজন মুন্নার ওপর হামলা চালায়। মুন্নার বাবা লিটন খানের অভিযোগ, হামলাকারীরা ধারালো অস্ত্র দিয়ে তার ছেলেকে এলোপাথাড়ি কুপিয়ে রাস্তার ওপর ফেলে রেখে যায়। স্থানীয়রা তাকে উদ্ধার করে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করেন। অবস্থার অবনতি হলে চিকিৎসকেরা উন্নত চিকিৎসার জন্য তাকে ঢাকার জাতীয় অর্থোপেডিক ও পুনর্বাসন প্রতিষ্ঠানে (নিটোর) পাঠান।

এ ঘটনায় মুন্নার মা কুলসুম বেগম বাদী হয়ে কোতোয়ালি মডেল থানায় মামলা করেন। এজাহারে একই এলাকার মিলন খান (৩০), রানা খান (২৮), হিমেল (২২), কালাম খান (৫৫), নার্গিস বেগমের (৫০), শুভ খান নাম উল্লেখ করা হয়। বাদীপক্ষের অভিযোগ, মূল মামলায় বিচার ও আসামিদের গ্রেপ্তারের দাবি তোলার পর তাদের বিরুদ্ধে পাল্টা অভিযোগ আনা হয়। ওই পাল্টা মামলার তদন্তের দায়িত্ব পান পিবিআইয়ের এএসআই আইয়ুব আলী।

একজন প্রত্যক্ষদর্শী বলেন, এএসআই মাত্র একদিন ঘটনাস্থল পরিদর্শন করেছেন, তখন আহত মুন্নাসহ তাদের স্বজনরা ঢাকার হাসপাতালে ছিলো। এএসআই আইউব দুজন লোক প্রতিপক্ষের ঘরে অবস্থান করেন এবং তখন তাদের মধ্যে নগদ অর্থ লেনদেন হয়েছে বলে দাবী করেন তিনি। একটি মামালার তদন্তকারী কর্মকর্তার বিরুদ্ধে এমন অভিযোগ ওঠায় বিষয়টি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে যাচাই ও তদন্তের দাবী সংশ্লিষ্টদের।

এই অভিযোগ ও চার্জশিটের বিষয় সম্পর্কে জানতে প্রতিবেদক এএসআই আইয়ুব আলী সঙ্গে যোগাযোগ করলে কর্মকর্তা তাকে চায়ের দাওয়াত করেন।

এর কিছুক্ষণ পরপরই তিনজন অপরিচিত ব্যক্তি নিজেদের স্থানীয় সাংবাদিক পরিচয় দিয়ে প্রতিবেদককে ফোন করেন। তাদের একজন টিভি চ্যানেল এর ক্যামেরাম্যান এবং অন্যরা স্থানীয় পত্রিকার প্রতিনিধি বা রিপোর্টার বলে পরিচয় দেন। তারা জানতে চান, প্রতিবেদক কেন এসআই আইয়ুব আলীকে ফোন করেছেন, মামলাটি সম্পর্কে তিনি কী জানেন এবং কোথায় কাজ করেন।

গত ৪ জুন মুন্নার ওপর হামলার প্রতিবাদে নগরীর সিএন্ডবি মহাসড়কের চৌমাথায় মানববন্ধন ও সমাবেশ করেন স্থানীয় বাসিন্দা ও মুন্নার সহপাঠীরা। কর্মসূচিতে হামলার বিচার, দায়ীদের গ্রেপ্তার এবং নগরীর বিভিন্ন এলাকায় সন্ত্রাস, মাদক ও কিশোর গ্যাংয়ের তৎপরতা বন্ধের দাবি জানানো হয়। ঐ মানববন্ধনে বক্তারা বলেন, সামান্য বিরোধকে কেন্দ্র করে এমন নৃশংস হামলার ঘটনা নগরীর আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে উদ্বেগ বাড়ায়।

বদলি-পদোন্নতি সুযোগ ছাড়াই জাতীয়কৃত

শিক্ষক-কর্মচারীদের সংজ্ঞা, অস্থায়ী নিয়োগ, চাকরিতে যোগদান, স্থায়ীকরণ এবং বেতন-ভাতা নির্ধারণসংক্রান্ত বিধানে পরিবর্তন আনা হয়েছে।

বিধিমালার বিধি ২-এর দফা (৪)-এ নিয়োগকারী কর্তৃপক্ষের সংজ্ঞা সংশোধন করা হয়েছে। এতে বলা হয়েছে, স্থানান্তরিত পদে নিয়োগের ক্ষেত্রে সরকার বা সরকারের ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে বিবেচিত হবেন। এ ছাড়া বিধিমালার ২ নম্বর বিধির দফা (৯)-এ সরকারিকৃত কলেজের শিক্ষক-কর্মচারীর সংজ্ঞা সংশোধন করা হয়েছে। এতে অধ্যক্ষ, উপাধ্যক্ষ, সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক ও প্রভাষকসহ বিভিন্ন পদে কর্মরত শিক্ষকদের পাশাপাশি শরীরচর্চা শিক্ষক, প্রদর্শক, গ্রন্থাগারিক, সহকারী গ্রন্থাগারিক ও অন্যান্য কর্মচারীকে অন্তর্ভুক্ত করা হয়েছে। তবে সংশ্লিষ্ট কলেজে নিয়োগের ওপর নিষেধাজ্ঞা আরোপের আগে প্রযোজ্য নিয়োগবিধি অনুসারে নিয়োগপ্রাপ্ত হয়ে অব্যাহতভাবে কর্মরত থাকার শর্ত রয়েছে।

বিধি ৫ এর উপ-বিধি (১) এর দফা ক- ধারায় সংশোধন আনা হয়েছে। সেখানে বলা হয়েছে, উল্লিখিত উপাধ্যক্ষ, শব্দ ও কমার পর সহযোগী অধ্যাপক, শব্দগুলো ও কমা এবং উপাধ্যক্ষ (নন-ক্যাডার), শব্দগুলো, বন্ধনী, চিহ্ন ও কমার পর সহযোগী অধ্যাপক নন-ক্যাডার, শব্দগুলো, বন্ধনী, চিহ্ন ও কমা সন্নিবেশিত হবে। একই বিধির খ-উপ-বিধি ২ এর পর নতুন উপ-বিধি (৩) ও (৪) সংযোজন করা হবে।

সেগুলো হলো: ৩ উপবিধি হবে-অস্থায়ী নিয়োগ প্রজ্ঞাপনে নিয়োগপ্রাপ্ত সব শিক্ষক এবং কর্মচারী ভূতাপেক্ষভাবে এই প্রতিষ্ঠান সরকারিকরণের তারিখে যোগদান করেছেন বলে গণ্য হবে। উপবিধি ৪- এ বলা হয়েছে, সরকারিকৃত কলেজের কোনো শিক্ষক বা কর্মচারী নিচের সব শর্ত পূরণ সাপেক্ষে, এই কলেজ সরকারিকরণের তারিখে ভূতাপেক্ষভাবে যোগদান করিয়াছেন বলে গণ্য হবে এবং এই যোগদান অস্থায়ী নিয়োগ বলে গণ্য হবে।

যেমন: এই কলেজ সরকারিকরণের তারিখে এই কলেজে কর্মরত থাকলে। (খ) অস্থায়ী নিয়োগ প্রজ্ঞাপনের তারিখে তার অবসর গ্রহণের বয়স উত্তীর্ণ হলে বা সরকারি চাকরির অবসর গ্রহণের বয়স অতিক্রম হলে বা মৃত্যু হলে এবং (গ) দফা (খ) এ দেয়া অবসর গ্রহণের বয়সের অব্যবহিত আগ পর্যন্ত বা মৃত্যুর অব্যবহিত আগ পর্যন্ত এই কলেজে কর্মরত থাকলে।

এই বিধিমালা নিয়ে আত্তীকৃত শিক্ষকদের মধ্যে মিশ্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। ৭ম গ্রেড বঞ্চিত শিক্ষকগণ এ বিধিমালায় আর্থিক সুরক্ষা পাবেন বিধায় তারা একে আপাতত সাধুবাদ জানালেও ৯ম ও ৭ম গ্রেডের বেশিরভাগ শিক্ষকই এই বিধিমালা সংশোধনকে শুভংকরের ফাঁকি বলে উল্লেখ করেন। তারা অতি শিঘ্রই আবার বিধিমালা সংশোধন করে শিক্ষকদের বদলি ও পদোন্নতি নিশ্চিত করার দাবি জানান তারা।

সন্ত্রাসের রাজনীতি অব্যাহত থাকলে

হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় মজলিসে শুরা সদস্য ও বরিশাল জেলা আমীর অধ্যাপক মাওলানা আবদুল জব্বার। প্রধান অতিথির বক্তব্যে মাওলানা আব্দুল জব্বার ২০০৬ সালের ২৮ অক্টোবরের লগি-বৈঠার নৃশংস হত্যাকাণ্ডের স্মৃতিচারণ করে বলেন, ২০০১ সালে জনগণের বিপুল সমর্থন নিয়ে চারদলীয় জোট সরকার ক্ষমতায় আসে। সরকারের মেয়াদের শেষ দিন, ২০০৬ সালের ২৮ অক্টোবর, আওয়ামী লীগের নেতাকর্মীদের লগি-বৈঠা হাতে রাজধানীতে আসার নির্দেশ দেওয়া হয়েছিল। সেদিন লগি-বৈঠা দিয়ে মানুষ হত্যার মতো নৃশংস ঘটনা ঘটানো হয়। আমাদের সহকর্মীদের নির্মমভাবে হত্যার পর লাশের ওপর নৃত্য করে তারা মানবতার চরম অবমাননা করেছে। তিনি বলেন, পল্টন মোড়ে প্রকাশ্য দিবালোকে শত শত মানুষের সামনে ছয়জন সহকর্মীকে লগি-বৈঠা দিয়ে পিটিয়ে হত্যা করা হয়। শুধু হত্যার মধ্যেই তারা ক্ষান্ত হয়নি; মৃত্যু নিশ্চিত করতে লাশের ওপর নৃত্য করার মতো বর্বরতাও চালিয়েছে। ইতিহাসে এমন নৃশংসতার নজির বিরল। এ ধরনের কর্মকাণ্ড কোনোভাবেই সভ্য সমাজে গ্রহণযোগ্য নয়। সেদিনের লগি-বৈঠাধারীরা মানবতার কলঙ্ক। তিনি আরও বলেন, আওয়ামী লীগ বাংলাদেশের জনগণের জন্য একটি অভিশাপ। দেশে গণতন্ত্র, ন্যায়বিচার ও জনগণের অধিকার প্রতিষ্ঠা করতে হলে রাজনৈতিক সন্ত্রাস ও সহিংসতার অবসান ঘটাতে হবে। সন্ত্রাসের রাজনীতি অব্যাহত থাকলে জনগণের প্রকৃত গণতান্ত্রিক অধিকার প্রতিষ্ঠা করা সম্ভব নয়। আওয়ামী লীগ কখনো স্বাভাবিকভাবে রাষ্ট্রীয় দায়িত্ব পালন করে ক্ষমতা থেকে বিদায় নিতে পারেনি। সবসময় লাঞ্ছিত হয়ে, ধিকৃত হয়ে বিদায় নিয়েছে। সেই রাস্তা এখনো যদি কেউ অবলম্বন করতে চান, তাঁদের পরিণতি নিশ্চয়ই ভিন্ন হবে না, একই পরিণতি হবে। আমরা এ সমস্ত নিকৃষ্ট খুনিদের ন্যায়বিচার চাই। বরিশাল মহানগর জামায়াতের সহকারী সেক্রেটারি মাওলানা মুহাম্মদ আতিকুল্লাহ-এর সঞ্চালনায় সমাবেশে আরও উপস্থিত ছিলেন বরিশাল মহানগর জামায়াতের কর্মপরিষদ সদস্য ও সদর উপজেলা চেয়ারম্যান প্রার্থী অধ্যক্ষ মাওলানা হাবিবুর রহমান, কর্মপরিষদ সদস্য অধ্যাপক মাহফুজুর রহমান আমিন, বরিশাল মহানগর ছাত্রশিবিরের সভাপতি আতিকুল ইসলাম, বরিশাল জেলা শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি অ্যাডভোকেট জহির উদ্দিন ইয়ামিন, কোতয়ালী উত্তর থানা আমীর অধ্যাপক আনোয়ার হোসাইন, কাউনিয়া থানা আমির মোস্তাফিজুর রহমান, আইনজীবী বিভাগের সভাপতি অ্যাডভোকেট আবুল খায়ের শহীদ, ব্যবসায়ী বিভাগের সভাপতি মোয়াজ্জেম হোসেন হাওলাদার, বরিশাল সদর উপজেলা ভাইস চেয়ারম্যান প্রার্থী সৈয়দ মহাব্বাতুল্লাহ মাহেতসহ প্রমুখ নেতৃবৃন্দ। সমাবেশ শেষে একটি বিক্ষোভ মিছিল টাউন হল চত্বর থেকে বের হয়ে সদর রোড, ফজলুল হক এভিনিউ, গির্জা মহল্লাসহ নগরীর গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে বিবির পুকুর পাড়ে এসে শেষ হয়।

অনলাইন ও সামাজিক

ঠাসা। সাধারণ মানুষেরা সঠিক তথ্য বঞ্চিত হয়ে বিভ্রান্ত হচ্ছি। এর সব কিছুর পেছনে রয়েছে দায়িত্বজ্ঞানহীন ও অননুমোদিত মোবাইল নির্ভর অনলাইন মিডিয়া ও সামাজিক যোগাযোগ মাধ্যমে অবাধ ভিউ বাণিজ্য। শিঘ্রই এ বিষয়ে সরকারের নজরদারি আবশ্যক বলে মনে করছি।

সাইফুল তরফদার
পটুয়াখালি

বরিশাল থেকে কুয়াকাটায়

দিতেই হবে। তাতে গাড়িতে যাত্রী থাকুক বা না থাকুক। কিংবা পৌরসভার বাস টার্মিনাল ব্যবহার হোক বা না হোক। টোল না দিয়ে আসার কোনো উপায় নেই। টোল না দিলে গাড়ি আটকে দেয়। চালক-সুপারভাইজারদের সঙ্গে খারাপ ব্যবহার করে। তারা রসিদ দিয়েই টোল নেয়। অনেক সময় রসিদে স্বাক্ষর থাকে অনেক সময় স্বাক্ষর থাকে না। তারা আরও জানিয়েছেন, গাড়ি প্রতি পাঁচশ টাকা অতিরিক্ত টোলের কারণে আমাদেরও ব্যয় বৃদ্ধি পাচ্ছে। এজন্য গাড়ি ভাড়া বাড়িয়ে নিতে হচ্ছে। যার প্রভাব পড়ছে পর্যটকদের ওপর। খোঁজ নিয়ে জানা গেছে, ঢাকা থেকে কুয়াকাটা যেতে প্রথমেই দক্ষিণাঞ্চলের প্রবেশদ্বার গৌরনদী পৌরসভার ওপর দিয়ে যেতে হয় পরিবহনগুলোকে। এক্ষেত্রে গৌরনদী বাস টার্মিনাল থাকলেও এখানে কোনো প্রকার টোল বা চাঁদা দিতে হয় না কাউকে। এ বিষয়ে গৌরনদী উপজেলা নির্বাহী কর্মকর্তা ও পৌরসভার প্রশাসক মো. ইব্রাহীম বলেন, 'মহাসড়ক দিয়ে চলাচলকারী পরিবহন থেকে পৌর টোল নেওয়ার কোনো সুযোগ নেই। এমনকি উজিরপুর, বাকেরগঞ্জ পৌরসভার ওপর দিয়ে পরিবহন যাতায়াত করলেও কোনো টোল দিতে হয় না কাউকে।' তবে এর উল্টো চিত্র দেখা গেছে, রূপাতলী, পটুয়াখালী, আমতলী, কলাপাড়া ও কুয়াকাটায়। এই পাঁচটি স্থান থেকে পরিবহন ছুটলেই টোলের নামে অর্থ গুনতে হয় পরিবহনগুলোকে। এ বিষয়ে গৌরনদী প্রেস ক্লাবের সভাপতি জহুরুল ইসলাম জহির বলেন, 'গত ২২ অক্টোবর গৌরনদী প্রেস ক্লাবের ফ্যামিলি ডে উপলক্ষে কুয়াকাটা পর্যটন কেন্দ্রে গিয়েছিলাম প্রেস ক্লাব সদস্যদের পরিবার নিয়ে। ফিরতি পথে আমাদের বহনকারী গাড়ি থেকে পৌর টোল আদায় করা হয়েছে। মহাসড়কে এভাবে গাড়ি থামিয়ে পৌর টোল আদায় কোনোভাবেই কাম্য নয়।' আমতলী পৌর নির্বাহী কর্মকর্তা মো. আলাউদ্দিন বলেন, 'মহাসড়কে যানবাহন থেকে পৌর টোল আদায় বন্ধে আমরা গণবিজ্ঞপ্তি জারি করেছি। এর পরও কেউ টোল আদায় করে কি না, তা জানা নেই। তবে কেউ টোল আদায় করলে খোঁজখবর নিয়ে বিষয়টি ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা হবে।' এ বিষয়ে জানতে কলাপাড়া উপজেলা নির্বাহী অফিসারকে ফোন দেওয়া হলেও তিনি ফোন না ধরায় বক্তব্য নেওয়া যায়নি। তবে কলাপাড়া পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা কাব্য লাল চক্রবর্তী বলেন, 'শুধু কলাপাড়া বাসস্ট্যান্ডে ইজারা দেওয়া হয়েছে। মহাসড়ক কাউকে ইজারা দেওয়া হয়নি। মহাসড়কে বাস থামিয়ে টাকা নেওয়ার কোনো সুযোগ নেই।' এদিকে কুয়াকাটা পৌর টোলের বিষয়ে জানতে পৌরসভার ওয়েবসাইট সার্চ করেও কারো নাম্বার পাওয়া যায়নি। যে কারণে তাদের কোনো বক্তব্য নেওয়া সম্ভব হয়নি। বরিশাল বিভাগীয় কমিশনার খলিল আহমেদ বলেন, 'মহাসড়কে যানবাহন থামিয়ে টোল আদায়ের সুযোগ নেই। বিষয়টি খতিয়ে দেখে ব্যবস্থা নেওয়া হবে।'

এতিমখানার মাছ বাড়িতে নিয়ে

এ জরিমানা করা হয়। উপজেলা প্রশাসন সূত্রে জানা গেছে, মঙ্গলবার 'মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২৬' বাস্তবায়নে মোবাইল কোর্ট পরিচালনার সময় নদী থেকে অবৈধভাবে আহরণ করা প্রায় ২৫ কেজি ইলিশসহ অন্য মাছ জব্দ করেন গলাচিপা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আবুজর মো. ইজাজুল হক। এ সময় তার সঙ্গে ছিলেন সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা ভিক্টর বাইন ও আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা। পরে জব্দ করা মাছগুলো স্থানীয় তিনটি মাদ্রাসা ও এতিমখানায় বিতরণ করা হয়। পরে গোপন সংবাদের ভিত্তিতে উপজেলা প্রশাসন জানতে পারে, বিতরণ করা মাছের দায়িত্ব নেওয়া প্রতিনিধিদের কেউ কেউ মাছ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে না নিয়ে নিজেদের বাড়িতে নিয়ে গেছেন। বিষয়টি জানার পর রাত ৯টার দিকে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আবুজর মো. ইজাজুল হক ও সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা ভিক্টর বাইন সংশ্লিষ্ট মাদ্রাসা ও এতিমখানাগুলোতে অভিযান পরিচালনা করেন। অভিযানকালে মোহাম্মদ ইসলামিয়া হাফিজিয়া মাদ্রাসায় গিয়ে প্রতিষ্ঠানটি তালাবদ্ধ দেখতে পান কর্মকর্তারা। পরে মাদ্রাসার শিক্ষক মোহাম্মদ আব্দুল্লাহকে ডেকে জিজ্ঞাসাবাদ করা হয়। এ সময় জানা গেছে, মাদ্রাসাটি আবাসিক নয় এবং বিতরণের জন্য নেওয়া মাছ তিনি নিজের বাড়িতে নিয়ে গেছেন। মোহাম্মদ আব্দুল্লাহ ও আবুল হোসেন মাছ ভাগাভাগি করে নিয়েছেন। অভিযোগের সত্যতা পাওয়ায় ভ্রাম্যমাণ আদালত তাদের প্রত্যেককে ৪০ হাজার টাকা করে ৮০ হাজার টাকা জরিমানা করেন। গলাচিপা উপজেলা নির্বাহী কর্মকর্তা ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আবুজর মো. ইজাজুল হক বলেন, সরকারি সম্পদ হোক কিংবা জনকল্যাণে নিবেদিত কোনো সহায়তা- প্রতিটি ক্ষেত্রেই স্বচ্ছতা, জবাবদিহি ও নৈতিকতার চর্চা নিশ্চিত করতে হবে। জনস্বার্থসংশ্লিষ্ট কোনো উদ্যোগের অপব্যবহার কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। উপজেলা প্রশাসন এ বিষয়ে সর্বদা সজাগ ও কঠোর অবস্থানে রয়েছে। ভবিষ্যতেও এ ধরনের অনিয়ম প্রতিরোধে নজরদারি অব্যাহত থাকবে এবং অপরাধ প্রমাণিত হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

নজরুলের কবিতায় বিভাগীয়

মাসের গত ২৫ ও ২৬ অক্টোবর বরিশাল বিভাগীয় প্রশাসনের আয়োজনে জেলা শিল্পকলা একাডেমিতে আড়ম্বরপূর্ণ ভাবে শেষ হয়। এতে গত ২৬অক্টোবর সোমবার বরিশাল বিভাগীয় পর্যায় প্রথম হয়ে অনুষ্ঠানের প্রধান অতিথি বরিশাল বিভাগীয় কমিশনার খলিল আহমেদ এর কাছ থেকে প্রথম পুরস্কার ক্রেস্ট এবং সনদ গ্রহন করেন **মুসান্না**। আগামী ৩০ ও ৩১অক্টোবর রাজধানী ঢাকায় জাতীয় পর্যায় অংশ নেবেন মুসান্না বলে জানিয়েছেন তার মামা মো.ফরিদ উদ্দিন এমরান। এদিকে মুসান্নার এ অর্জনে তার শিক্ষা প্রতিষ্ঠান, নিজ এলাকা, আত্মীয়-স্বজনদের মাঝে আনন্দঘন পরিবেশ বিরাজ করছে। এবং সে ভাণ্ডারিয়া উপজেলার গর্ব বলে জানান ঐ মাদ্রাসার ভারপ্রাপ্ত সুপার মাওলানা আলী হায়দার খান।

বাউফলে পাঁচটি শিশু সদনে টাকা

জয়তুন জামিলা হাফেজিয়া শিশু সদন, ধানদি শিশু সদন ও এতিমখানা, জামালকাঠি নুরানিয়া হাফেজিয়া শিশু সদন এবং সৈয়দ আবুল কাশেম নুরানী হাফেজিয়া শিশু সদন এই পাঁচটি শিশু সদন সরকারি ভাবে নিবন্ধিত। এসব প্রতিষ্ঠানে নির্ধারিত সংখ্যক এতিম ও দুস্থ শিশুর বিপরীতে সরকারি বরাদ্দ দেওয়া হয়। সরেজমিনে দেখা গেছে, দক্ষিণ মাধবপুর শিশু সদনে বর্তমানে কোনো শিক্ষার্থী নেই । অথচ ২০২৪-২৫ অর্থবছরে প্রতিষ্ঠানটির নামে পাঁচ শিশুর বিপরীতে ১ লাখ ২০ হাজার টাকা বরাদ্দ দেওয়া হয়। ওই অর্থবছরে কাগজে-কলমে প্রতিষ্ঠানটিতে ১১ জন এতিম ও দুস্থ শিশু দেখানো হয়েছিল। এর আগেও প্রতিষ্ঠানটির নামে বরাদ্দ উত্তোলন নিয়ে প্রশ্ন উঠেছে। তবে অর্থ আত্মসাতের অভিযোগ অস্বীকার করে দক্ষিণ মাধবপুর শিশু সদনের পরিচালক মাওলানা রফিকুল ইসলাম বলেন, 'গত আগস্ট মাস পর্যন্ত আমার প্রতিষ্ঠানে ১৩ জন শিক্ষার্থী ছিল। এখন শিক্ষার্থী কমে গেছে। তাই ঢাকায় এসে চাকরি নিয়েছি। বর্তমানে প্রতিষ্ঠানটি বন্ধ রয়েছে।' অন্যদিকে, ২০২৪-২৫ অর্থবছরে জয়তুন জামিলা হাফেজিয়া শিশু সদনে ২১ শিশুর নামে ৫ লাখ টাকা, ধানদি শিশু সদন ও এতিমখানায় ১৯ শিশুর নামে ৪ লাখ ৫৬ হাজার টাকা এবং জামালকাঠি নুরানিয়া হাফেজিয়া শিশু সদনে ৩৫ শিশুর নামে ৮ লাখ ৪০ হাজার টাকা বরাদ্দ দেওয়া হয়েছে বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে। নাম প্রকাশ না করার শর্তে একটি সূত্রের দাবি, এতিম ও দুস্থ শিশুদের জন্য বরাদ্দ দেওয়া অর্থ সব ক্ষেত্রে নির্ধারিত খাতে ব্যয় করা হয় না। বরাদ্দ পাওয়ার পর ভুয়া বিল-ভাউচার তৈরি করে অর্থ আত্মসাতের অভিযোগও রয়েছে। সরকারি বরাদ্দ আত্মসাতের অভিযোগ অস্বীকার করে জামালকাঠি নুরানিয়া হাফেজিয়া শিশু সদনের শিক্ষক রেজাউল করিম বলেন, 'আমাদের এখানে বিভিন্ন বিভাগে শতাধিক শিক্ষার্থী পড়াশোনা করছে। তাদের অর্ধেকের বেশি এতিম ও দুস্থ। অনেকেই নিয়মিত বেতন দিতে পারে না।' নাম প্রকাশ না করার শর্তে কয়েকজন অভিভাবক বলেন, প্রত্যেক শিশুর নামে নিবন্ধন করে সরাসরি বিকাশ বা নগদের মতো মোবাইল আর্থিক সেবার মাধ্যমে বরাদ্দের অর্থ দেওয়া হলে অনিয়মের সুযোগ কমবে। একই সঙ্গে প্রকৃত এতিম ও দুস্থ শিশুরা সরকারি সহায়তা পাচ্ছে কি না, তা নিয়মিত যাচাই করা প্রয়োজন। তবে এসব অভিযোগের পক্ষে স্বাধীনভাবে যাচাই করা যায়নি। এ বিষয়ে বাউফল উপজেলা সমাজসেবা কর্মকর্তা মুশফিকুর রহমান বলেন, 'অনিয়মের অভিযোগ ওঠার পর চলতি বছর থেকে দক্ষিণ মাধবপুর শিশু সদনের নাম বরাদ্দের তালিকা থেকে বাদ দেওয়া হয়েছে। অন্য প্রতিষ্ঠানগুলোও নজরদারিতে রয়েছে। কোনো অনিয়ম পাওয়া গেলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।'

নেছারাবাদে কমিটি না

প্রধান কার্যালয় থেকে র‍্যালিটি বের হয়ে পৌর শহরের প্রধান সড়কগুলো প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়। র‍্যালি শেষে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য দেন স্বরূপকাঠি পৌর বিএনপির সাবেক আহ্বায়ক মো. শফিকুল ইসলাম ফরিদ, পৌর বিএনপির সম্পাদক মো. মইনুল হাসান, সাংগঠনিক সম্পাদক মো. হাফিজ সিকদার, পৌর যুবদলের যুগ্ম আহ্বায়ক মো. বদরুল হাসান, পৌর ছাত্রদলের সাবেক সভাপতি মো. গোলাম কিবরিয়া সোহাগ, জেলা ছাত্রদলের সাবেক সহসভাপতি ও যুবদল নেতা মো. রেজাউল হাসান সুজন, উপজেলা ছাত্রদলের সাবেক আহ্বায়ক ও যুবদল নেতা মো. আব্দুল্লাহ আল যুবায়ের এবং যুবদল নেতা মারুফ তালুকদারসহ অন্যরা। বক্তারা পিরোজপুর-২ আসনের সংসদ সদস্য ও গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রী আহম্মদ সোহেল মনজুরের দৃষ্টি আকর্ষণ করে দ্রুত উপজেলা ও পৌর যুবদলের নতুন কমিটি গঠনের দাবি জানান। তাদের দাবি, দীর্ঘ এক যুগেরও বেশি সময় ধরে উপজেলা ও পৌর যুবদলের পূর্ণাঙ্গ কার্যকর কমিটি নেই। আহ্বায়ক কমিটির মাধ্যমে সাংগঠনিক কার্যক্রম পরিচালিত হচ্ছে। এতে সংগঠনের কার্যক্রমে দুর্বলতা দেখা দিচ্ছে। সংগঠনকে আরও গতিশীল ও শক্তিশালী করতে দ্রুত নতুন কমিটি গঠনে কেন্দ্রীয় নেতাদের হস্তক্ষেপ কামনা করেন তারা।

রিয়াদ-দাম্মামের ১৫৩ ফ্লাইট বাতিল

থেকে বুধবার (২৮ অক্টোবর) পর্যন্ত বাতিল হওয়া ফ্লাইটগুলোর মধ্যে ৭৬ টি সরাসরি ফ্লাইট এবং ৭৭ টি ট্রানজিট ফ্লাইট। সরাসরি ফ্লাইটের মধ্যে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ৩৩ টি, ইউএস-বাংলা এয়ারলাইন্সের ১০টি, সৌদিয়া এয়ারলাইন্সের ২০ টি এবং রিয়াদ এয়ারওয়েজের ১৩ টি ফ্লাইট রয়েছে। অন্যদিকে, ট্রানজিট ফ্লাইটের মধ্যে ইন্ডিগোর ৩০ টি, এমিরেটসের ১৪টি, কাতার এয়ারওয়েজের ৯ টি, ফ্লাইদুবাইয়ের ৮ টি, সালাম এয়ারের ৭টি, এয়ার ইন্ডিয়ার ৮ টি এবং ইজিপ্ট এয়ারের একটি ফ্লাইট প্রভাবিত হয়েছে। এসব যাত্রীদের বিভিন্ন গন্তব্যে ট্রানজিট নিয়ে রিয়াদ ও দাম্মাম যাওয়ার কথা ছিল। তবে স্ব স্ব দেশ থেকে ফ্লাইট বাতিলের কারণে ঢাকা থেকে যাত্রী বহন করেনি তারা। এর আগে সম্প্রতি হুথিদের হামলার পর রিয়াদ বিমানবন্দর বন্ধ ঘোষণা করা হয়। হামলা হয় দাম্মামেও। এই ঘটনার পরিপ্রেক্ষিতে প্রথমে ১৭ অক্টোবর পর্যন্ত রিয়াদ ও দাম্মামে ফ্লাইট বন্ধ রাখে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স। পরে এই সময় আরও বাড়ানো হয়।

ইরানে নতুন করে সামরিক হামলা হলে

সংঘাত শুরু হলে জ্বালানি সরবরাহকারী দেশগুলোর পাশাপাশি ভোক্তারাও বড় ধরনের সংকটে পড়তে পারেন। বুধবার এক বার্তায় আরাঘচি বলেন, ইসরায়েলের উসকানিতে পারস্য উপসাগরীয় অঞ্চলে যেকোনো ধরনের সামরিক দুঃসাহসিক পদক্ষেপ আন্তর্জাতিক বাজারে ভয়াবহ প্রভাব ফেলতে পারে। গ্যাস সরবরাহকারী ও ভোক্তা–উভয় পক্ষের জন্যই এটি বড় উদ্বেগের বিষয়। এদিকে ইরানের বিরুদ্ধে কথিত 'অস্তিত্বগত হুমকি' দূর করতে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে কাজ করার আগ্রহ প্রকাশ করেছেন ইসরায়েলের প্রধানমন্ত্রী নেতানিয়াহু। বুধবার তিনি এ কথা বলেন। নির্বাচনে হাড্ডাহাড্ডি লড়াইয়ের পর নতুন সরকার গঠনের চেষ্টা করছেন নেতানিয়াহু।গত কয়েক দিনে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের পক্ষ থেকে ইরানে নতুন করে হামলার সম্ভাবনার কথা সামনে এসেছে। গত ২৮ ফেব্রুয়ারি ইরানের ওপর যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলার মধ্য দিয়ে শুরু হওয়া যুদ্ধের প্রেক্ষাপটে এ আশঙ্কা তৈরি হয়েছে।এদিকে রাশিয়ার মস্কোয় অনুষ্ঠিত গ্যাস রপ্তানিকারক দেশগুলোর ফোরামের (জিইসিএফ) শীর্ষ সম্মেলনে অংশ নিয়েছেন আরাগচি। সেখানে তাঁর সঙ্গে ছিলেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান।বিশ্বের জ্বালানি সরবরাহের গুরুত্বপূর্ণ অঞ্চল পারস্য উপসাগরে নতুন করে সামরিক সংঘাত ছড়িয়ে পড়লে তেল ও গ্যাসের সরবরাহ ব্যাহত হওয়ার আশঙ্কা রয়েছে। এতে আন্তর্জাতিক বাজারে জ্বালানির দাম এবং পরিবহন ব্যয় বাড়তে পারে। আরাগচির সতর্কবার্তায় সেই ঝুঁকির কথাই উঠে এসেছে।

প্রকল্পে অনিয়মের অভিযোগ; ২ কোটি

খাতে ৮২ লাখ ৭৪ হাজার টাকা ব্যয়ে অনুমোদন দেয়া হয় ২৩টি প্রকল্পের। অভিযোগ উঠেছে, এর মধ্যে ৫৬টি প্রকল্প পরিবারের সদস্যদের নামে নিয়েছেন জেলা পরিষদের নিম্নমান সহকারী কাম কম্পিউটার অপারেটর রায়হান মল্লিক। ২০২৪ এর ৫ আগস্টের পর জেলা পরিষদ হিসাবরক্ষকের পদ শূন্য হলে প্রভাব খাটিয়ে দায়িত্ব নেন তৃতীয় শ্রেণির কর্মচারী রায়হান মল্লিক। অভিযোগ রয়েছে, তিনি স্ত্রী ও মেয়ের নামে জেলা পরিষদের একাধিক দোকান ও মার্কেট বরাদ্দ নিয়েছেন। বিভিন্ন মসজিদ-মাদ্রাসার নামে প্রকল্পের কাজ না করেই বিল উত্তোলন করেছেন। সরকারি খাসজমি বন্দোবস্ত দেয়ার কথা বলে বিভিন্ন জনের কাছ থেকে লাখ লাখ টাকা নেয়ার অভিযোগও রয়েছে তার বিরুদ্ধে। ভুক্তভোগী ও এলাকাবাসীরা জানান, একাধিক মানুষের সঙ্গে তার ঝামেলা। মানুষের ঘরদুয়ার নিয়ে ঝামেলা করে। মসজিদ নামে যে টাকা এসেছে সেই টাকার কোনো কাজ তরা হয়নি। এসব অভিযোগের মধ্যেই জানা গেছে, ভোলা শহরে দুই কোটি পাঁচ লাখ টাকায় একটি চারতলা বাড়ি কিনেছেন রায়হান মল্লিক। তৃতীয় শ্রেণির একজন কর্মচারীর এত ব্যয়বহুল বাড়ি কেনায় তার সম্পদের উৎস নিয়ে প্রশ্ন তুলছেন সচেতন মহল। ভোলা জেলার সুজন সভাপতি মোবাশ্বির উল্লাহ চৌধুরী বলেন, 'এখানে চরম দুর্নীতি হচ্ছে, এটি ওপর থেকেই শক্তিশালী টিম এনে দেখা উচিত, কোন প্রকল্পে কত টাকা ব্যয় হচ্ছে এবং যথাযথ জায়গায় প্রকল্প স্থাপন করা হচ্ছে কি না সেটি দেখা উচিত।' তবে এসব অভিযোগের বিষয়ে ক্যামেরার সামনে কথা বলতে রাজি হননি অভিযুক্ত রায়হান মল্লিক। ক্যামেরার সামনে বক্তব্য পাওয়া যায়নি জেলা পরিষদের নির্বাহী কর্মকর্তারও। তবে অভিযোগ পেলে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার কথা জানিয়েছেন জেলা পরিষদের প্রশাসক। ভোলার জেলা পরিষদ প্রশাসক গোলাম নবী আলমগীর বলেন, 'কোনো বরাদ্দ দেয়ার পেছনে যদি দুর্নীতি হয়ে থাকে, করে থাকে আমার কাছে দিলে আমি অবশ্যই এটা ইনকয়ারি করে এটার শাস্তিমূলক যেটা ব্যবস্থা করা উচিত, সেটা আমি ইনশাল্লাহ গ্রহণ করব।' সরকারি উন্নয়ন প্রকল্পে অনিয়ম, ক্ষমতার অপব্যবহার আর আয়ের সঙ্গে অসংগতিপূর্ণ সম্পদ অর্জনের প্রশ্ন–সব মিলিয়ে ভোলা জেলা পরিষদের এক কর্মচারীকে ঘিরে তৈরি হয়েছে বিতর্ক।

২২ দিনের বিরতি

পরিশোধের পাশাপাশি আবারও ঘুরে দাঁড়াতে পারবেন তারা। জেলার সাত উপজেলায় সরকারিভাবে নিবন্ধিত জেলের সংখ্যা প্রায় ১ লাখ ৭০ হাজার হলেও বেসরকারি হিসাবে এ সংখ্যা প্রায় ৩ লাখ। ভোলা সদর উপজেলার তুলাতলী মাছঘাট এলাকার জেলেপল্লিতে জেলেরা পুরোদমে ইলিশ শিকারের প্রস্তুতি নিচ্ছেন। কেউ নতুন জাল কিনে মাছ ধরার প্রস্তুতি নিচ্ছেন, আবার কেউ তৈরি করেছেন নতুন ট্রলার ও নৌকা। অনেককে পুরোনো জাল, নৌকা ও ট্রলার মেরামত করতেও দেখা গেছে। জেলে কামাল ও খোকন জানান, ২৯ অক্টোবর রাত ১২টার পর তারা নদীতে নামবেন। সরকারি ২২ দিনের নিষেধাজ্ঞা শেষে ইলিশ শিকারের জন্য তারা প্রস্তুত রয়েছেন। ইতোমধ্যে ধারদেনা ও ঋণ নিয়ে নতুন জাল কিনেছেন এবং পুরোনো ট্রলার মেরামত করেছেন। নদীতে গিয়ে কাঙ্ক্ষিত ইলিশ শিকার করে সব ধারদেনা ও ঋণের কিস্তি পরিশোধ করতে পারবেন বলে আশা করছেন তারা। তারা আরও জানান, নিষেধাজ্ঞা শেষে নদীতে গিয়ে আশানুরূপ পরিমাণ ইলিশ না পেলে গত বছরের মতো এবারও কষ্টে দিন কাটাতে হবে। দেনা পরিশোধ করতে না পারলে পালিয়ে বেড়াতে হবে বলেও আশঙ্কা প্রকাশ করেন তারা। জেলা মৎস্য কর্মকর্তা মুহাম্মদ দেলোয়ার হোসাইন জানান, নিষেধাজ্ঞা চলাকালে ভোলা মৎস্য বিভাগসহ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ২৯৭টি অভিযান চালিয়েছে। এসব অভিযানে ৮০ জনকে কারাদণ্ড দেওয়া হয়েছে এবং প্রায় সাড়ে চার লাখ টাকা জরিমানা করা হয়েছে। এ ছাড়া প্রায় ২ দশমিক ৬৩ মেট্রিক টন ইলিশ এবং ৯ কোটি ৯২ লাখ মিটার জাল জব্দ করা হয়েছে। তিনি আরও বলেন, এ নিষেধাজ্ঞার ফলে ইলিশের উৎপাদন বাড়বে। নিষেধাজ্ঞা শেষে জেলেরা নদীতে পর্যাপ্ত মাছ পাবেন বলেও আশাবাদ ব্যক্ত করেন তিনি। পাশাপাশি, সরকারের নির্ধারিত ইলিশ উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হবে বলে জানান এই কর্মকর্তা।

২০০৬ সালের ২৮ অক্টোবরের হত্যাকাণ্ডের বিচার দাবি

কাজিরহাট প্রতিনিধি

২০০৬ সালের ২৮ অক্টোবর পল্টন ময়দানে সংঘটিত হত্যাকাণ্ডের সুষ্ঠু তদন্ত ও জড়িতদের বিচারের দাবিতে বরিশালের কাজিরহাটে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী কাজিরহাট থানা শাখা।

বুধবার (২৮ অক্টোবর) বাদ আসর আয়োজিত এ কর্মসূচিতে জামায়াতে ইসলামী ও ইসলামী ছাত্রশিবিরের নেতাকর্মীরা অংশগ্রহণ করেন। প্রথমে বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়। মিছিল শেষে সমাবেশে বক্তারা ২০০৬ সালের ২৮ অক্টোবর পল্টন ময়দানে সংঘটিত সহিংসতার প্রসঙ্গ তুলে ধরে ছয়জন নেতাকর্মীকে হত্যার অভিযোগের সুষ্ঠু তদন্ত এবং দায়ীদের বিচারের আওতায় আনার দাবি জানান।

বক্তারা বলেন, ওই দিনের নৃশংস হত্যাকাণ্ডের সুষ্ঠু বিচার নিশ্চিত করা জরুরি। তাঁরা বাংলাদেশ সরকারের প্রতি ঘটনার নিরপেক্ষ তদন্তের মাধ্যমে দায়ীদের চিহ্নিত করে আইনানুগ বিচারপ্রক্রিয়া সম্পন্ন করার আহ্বান জানান।

কর্মসূচিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামী কাজিরহাট থানা শাখার আমির মাওলানা আবুল হোসাইন। এ ছাড়া উপস্থিত ছিলেন শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি মাওলানা রুহুল আমিন, জামায়াতে ইসলামীর কাজিরহাট থানা শাখার সেক্রেটারি লুৎফর রহমান, থানা শাখার অর্থ সম্পাদক মাওলানা আতাউর রহমান এবং বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের কাজিরহাট থানা শাখার সভাপতি মুহিব্বুল্লাহসহ বিভিন্ন ইউনিয়নের নেতাকর্মীরা।

মিছিল শেষে ২০০৬ সালের ২৮ অক্টোবরের হত্যাকাণ্ডের সুষ্ঠু তদন্ত ও বিচার নিশ্চিত করার দাবিতে সমাবেশ অনুষ্ঠিত হয়। আয়োজকদের পক্ষ থেকে জানানো হয়, ওই ঘটনার সঙ্গে জড়িতদের আইনের আওতায় এনে ন্যায়বিচার প্রতিষ্ঠাই তাঁদের কর্মসূচির মূল দাবি। আয়োজকরা আশা প্রকাশ করেন, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বিষয়টি গুরুত্বের সঙ্গে বিবেচনা করে সুষ্ঠু তদন্ত ও ন্যায়বিচার নিশ্চিত করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

মুলাদীতে হাসপাতালে খুলে

এ ঘটনায় কেউ ক্ষতিগ্রস্ত হননি। সব ফ্যানের অবস্থা পর্যবেক্ষণ করে ঝুঁকিপূর্ণগুলো পরিবর্তনের জন্য ইলেকট্রিশিয়ানকে নির্দেশনা দেওয়া হয়েছে।

ভাণ্ডারিয়ায় বিশ্ব হাত

অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন,উপজেলা সমাজসেবা কর্মকর্তা মো.মতিউর রহমান,উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক মো.মনির হোসেন আকন, সাংগঠনিক সম্পাদক আবুল কালাম আজাদ (মলাত) জোমাদ্দার,পৌর বিএনপির আহবায়ক আব্দুল মান্নান আকন, ৬৮নং হাই সংলগ্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক রাবেয়া পারভিন ও শিক্ষার্থী স্নিগ্ধা হালদার প্রমূখ।

রাজাপুরে ইয়াবাসহ গ্রেফতারকৃত

তাদের আরও সাত দিনের বিনাশ্রম কারাদণ্ডের আদেশ দেওয়া হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তা রিফাত আরা মৌরী বলেন, 'মাদকমুক্ত সমাজ গঠনে মাদকের বিরুদ্ধে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে। মাদক নির্মূলে সাধারণ মানুষকে সচেতন ও দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে।'

আমতলীতে ছাত্রদল সভাপতিকে মারধর

(২৭ অক্টোবর) দুপুর ১টা ৫০ মিনিটের দিকে কোম্পানির কাজের টাকা নিয়ে তিনি আমতলী নতুন বাসস্ট্যান্ড এলাকায় অবস্থান করছিলেন। এ সময় তৌহিদুল ইসলাম রাতুল (২০), আল আমিন ইসলাম রাব্বি, মো. তাওহীদ (১৭) ও তীব্রসহ (১৮) অজ্ঞাতনামা আরও ৩ থেকে ৪ জন সেখানে এসে তার সঙ্গে অহেতুক তর্কে লিপ্ত হন এবং অকথ্য ভাষায় গালিগালাজ করেন। মুশফিক এর প্রতিবাদ করলে অভিযুক্তরা তাকে এলোপাতাড়ি মারধর করে শরীরের বিভিন্ন স্থানে জখম করেন। একপর্যায়ে হামলাকারীরা মুশফিককে জোরপূর্বক একটি অটোরিকশায় তুলে আমতলী উপজেলা কৃষি অফিসের সামনে নিয়ে যান। সেখানে নিয়ে লাঠিসোটা দিয়ে তাকে বেধড়ক পিটিয়ে শরীরের বিভিন্ন স্থানে রক্তজমাট ফুলা জখম করা হয়। মারধরের একপর্যায়ে আঘাত তার নাকে লাগলে গুরুতর হাড়ভাঙা জখম হয়। এ সময় হামলাকারীরা মুশফিকের পকেটে থাকা কোম্পানির নগদ ৫৫ হাজার টাকাও ছিনিয়ে নেন বলে অভিযোগে উল্লেখ করা হয়েছে। এ বিষয়ে অভিযুক্ত তৌহিদুল ইসলাম রাতুলের বক্তব্য নেওয়ার চেষ্টা করা হলেও তাকে পাওয়া যায়নি। ঘটনার সত্যতা নিশ্চিত করে আমতলী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. ইয়াকুব হোসাইন জানান, এ ঘটনায় থানায় একটি অভিযোগ পাওয়া গেছে। বিষয়টি তদন্ত করে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

দুপুরে হাসপাতালে ভর্তি, রাতেই বিএনপি নেতার পদ স্থগিত

কীর্তনখোলা রিপোর্ট

ভোলার বোরহানউদ্দিনে দলীয় শৃঙ্খলাপরিপন্থি কর্মকাণ্ডে জড়িত থাকার অভিযোগে কাচিয়া ইউনিয়ন বিএনপির (উত্তর) শাখার যুগ্ম সাধারণ সম্পাদক মো. মফিজ হাওলাদারের দলীয় পদ-পদবি স্থগিত করা হয়েছে। মঙ্গলবার (২৭ অক্টোবর) রাতে এ-সংক্রান্ত একটি চিঠি সামাজিক যোগাযোগমাধ্যমে প্রকাশ্যে আসার পর স্থানীয় রাজনৈতিক অঙ্গনে বিষয়টি নিয়ে আলোচনা শুরু হয়। উপজেলা বিএনপির আহ্বায়ক সরোয়ার আলম খান ও সদস্যসচিব অ্যাডভোকেট কাজী মো. আজম স্বাক্ষরিত চিঠিতে বলা হয়, দলীয় শৃঙ্খলাপরিপন্থি কর্মকাণ্ডে জড়িত থাকার অভিযোগে মফিজ হাওলাদারের দলীয় পদ-পদবি স্থগিত করা হয়েছে। তাকে সাত দিনের মধ্যে লিখিতভাবে কারণ দর্শানোর নির্দেশ দেওয়া হয়েছে। এদিকে নির্ধারিত সময়ের মধ্যে সন্তোষজনক জবাব দিতে ব্যর্থ হলে তাকে দল থেকে বহিষ্কার ও সদস্যপদ বাতিলের পদক্ষেপ নেওয়া হতে পারে বলে চিঠিতে উল্লেখ করা হয়েছে। এদিকে একই দিন দুপুর ১২টার দিকে অসুস্থ হয়ে ভোলা হাসপাতালে চিকিৎসা নেন মফিজ হাওলাদার। পরে চিকিৎসকরা তাকে উন্নত চিকিৎসার জন্য দ্রুত বরিশালে পাঠান বলে জানা গেছে। এর কয়েক ঘণ্টা পর রাত ৯টার দিকে তার পদ স্থগিতের চিঠিটি সামাজিক যোগাযোগমাধ্যমে প্রকাশ করা হয়। কাচিয়া ইউনিয়ন যুবদলের সহসভাপতি বাছেদ মাতব্বর মফিজ হাওলাদারের রাজনৈতিক কর্মকাণ্ড নিয়ে বিভিন্ন অভিযোগ তুলেছেন। তার দাবি, গত ৫ আগস্টের আগেও আওয়ামী লীগের সাবেক সংসদ সদস্য আলী আজম মুকুলের সঙ্গে মফিজের ঘনিষ্ঠতা ছিল এবং তিনি ব্যবসা-বাণিজ্য চালিয়ে গেছেন। বাছেদ মাতব্বর আরও অভিযোগ করে বলেন, ১২ তারিখের নির্বাচনের পর মফিজ সাধারণ মানুষের সঙ্গে তুচ্ছতাচ্ছিল্য পূর্ণ আচরণ করেছেন এবং রাজনৈতিক ব্যক্তিদের উদ্দেশে অশালীন ভাষা ব্যবহার করেছেন। এ ছাড়া দুদিন আগে কাচিয়া ইউনিয়নের চেয়ারম্যান পদপ্রার্থী ও বিএনপি নেতা আলহাজ শেখ সাদী হাওলাদারকে নিয়ে মফিজ হাওলাদার গণমাধ্যমের সামনে অশালীন মন্তব্য করেছেন বলেও অভিযোগ উঠেছে। তবে এসব অভিযোগের বিষয়ে মো. মফিজ হাওলাদারের বক্তব্য পাওয়া যায়নি।

মুলাদীতে মধ্যরাত পর্যন্ত বোমা

খেয়াঘাটে মাছঘাটের দ্বন্দ্বকে কেন্দ্র করে দুই পক্ষের মধ্যে ধাওয়া-পাল্টাধাওয়া ও ৩৫টির মতো হাতবোমা বিস্ফোরণের ঘটনা ঘটে। ওই ঘটনায় মামলা হলে পুলিশ গত ২০ অক্টোবর বড় লক্ষ্মীপুর এলাকা থেকে জামাল পালোয়ান ওরফে বোমারু জামালকে গ্রেপ্তার করে। সফিউল্লাহ ঘরামী আরও বলেন, ওই রাতেই উত্তর পাতারচর ও বড় লক্ষ্মীপুর গ্রামে ১৫ থেকে ২০টি হাতবোমার বিস্ফোরণ ঘটে। রাতের আঁধারে এসব বিস্ফোরণে শিশু ও বৃদ্ধসহ সাধারণ মানুষের মধ্যে আতঙ্ক বিরাজ করছে। ভয়ে অনেকে রাতে ঘর থেকে বের হতেও সাহস পাচ্ছেন না। উত্তর বালিয়াতলী গ্রামের আনসারুল্লাহ জানান, সফিপুর ইউনিয়নে একাধিক দল হাতবোমা তৈরি করে বলে তাঁদের ধারণা। পুরোনো ও অভিজ্ঞ কারিগরেরা নতুনদের প্রশিক্ষণ দিতে হাতবোমা তৈরি করে বিস্ফোরণের মাধ্যমে পরীক্ষা করতে পারেন। গত ২৩ অক্টোবর রাতে উত্তর বালিয়াতলী এলাকায় হাতবোমা তৈরির সময় ছয় যুবক আহত হন। তাঁদের মধ্যে দুজনের অবস্থা আশঙ্কাজনক। তাঁর ধারণা, এক পক্ষের বিস্ফোরণের পর এলাকায় আধিপত্য ধরে রাখতে অন্য পক্ষও বিস্ফোরণ ঘটাতে পারে। মুলাদী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) খন্দকার মো. সোহেল রানা বলেন, 'রাতের বিস্ফোরণের ঘটনায় কেউ লিখিত অভিযোগ করেননি। তবে হাতবোমা তৈরির সময় বিস্ফোরণে কয়েকজন যুবক আহত হওয়ার খবর পাওয়ার পর বিষয়টি নিয়ে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করা হয়েছে। শিগগিরই সফিপুর ইউনিয়নের বিভিন্ন স্থানে অভিযান চালানো হবে।'

দেশে ডেঙ্গুতে আরও ৯ মৃত্যু, হাসপাতালে ভর্তি ১৯৮২

কীর্তনখোলা ডেস্ক

দেশে ডেঙ্গুর প্রকোপ অব্যাহত রয়েছে। গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে আক্রান্ত হয়ে আরও ৯ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে নতুন করে হাসপাতালে ভর্তি হয়েছেন এক হাজার ৯৮২ জন। এ নিয়ে চলতি বছর ডেঙ্গুতে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৪০৯ জনে। আর এ বছর এখন পর্যন্ত হাসপাতালে ভর্তি রোগীর সংখ্যা এক লাখ ৩০ হাজার ২১৯ জনে পৌঁছেছে। স্বাস্থ্য অধিদপ্তরের ২৮ অক্টোবরের তথ্য অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় সবচেয়ে বেশি ডেঙ্গু রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন ঢাকা বিভাগে। এ বিভাগে নতুন করে ৮১৬ জন হাসপাতালে ভর্তি হয়েছেন এবং ছয়জনের মৃত্যু হয়েছে। চট্টগ্রাম বিভাগে গত ২৪ ঘণ্টায় ৩১৩ জন ডেঙ্গু রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন। এ সময়ে মারা গেছেন একজন। খুলনা বিভাগে ২১৪ জন হাসপাতালে ভর্তি হয়েছেন, মৃত্যু হয়েছে একজনের। রাজশাহী বিভাগে হাসপাতালে ভর্তি হয়েছেন ২১৭ জন। এ বিভাগেও একজনের মৃত্যু হয়েছে। এছাড়া বরিশাল বিভাগে ১৯৪ জন, রংপুর বিভাগে ১১৬ জন, ময়মনসিংহ বিভাগে ৮৪ জন ও সিলেট বিভাগে ২৮ জন ডেঙ্গু রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, চলতি বছরের ১ জানুয়ারি থেকে ২৮ অক্টোবর পর্যন্ত ডেঙ্গুতে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন মোট ১ লাখ ৩০ হাজার ২১৯ জন। তাদের মধ্যে সুস্থ হয়ে হাসপাতাল থেকে ছাড়পত্র পেয়েছেন ১ লাখ ২৩ হাজার ৬০৫ জন। বর্তমানে হাসপাতালে ভর্তি রয়েছেন ৬ হাজার ২০৫ জন। বিভাগভিত্তিক হিসাবে, চলতি বছর ডেঙ্গুতে সবচেয়ে বেশি মৃত্যু হয়েছে ঢাকা বিভাগে (ঢাকা শহরসহ)। এ বিভাগে মারা গেছেন ১৯২ জন। এ ছাড়া খুলনা বিভাগে ৭৭ জন, চট্টগ্রাম বিভাগে ৪০ জন, ময়মনসিংহ বিভাগে ৩৩ জন, বরিশাল বিভাগে ২৯ জন, রাজশাহী বিভাগে ২৮ জন, রংপুর বিভাগে সাতজন ও সিলেট বিভাগে তিনজনের মৃত্যু হয়েছে।

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ বৃহস্পতিবার ॥ ২৯ অক্টোবর ২০২৬ ॥ ১৩ কার্তিক ১৪৩৩

ইরানে নতুন করে সামরিক হামলা হলে বিশ্ববাজারে ভয়াবহ প্রভাব পড়বে

কীর্তনখোলা ডেস্ক

ইরানের ওপর ইসরায়েলের উসকানিতে নতুন করে সামরিক হামলা চালানো হলে বিশ্ববাজারে ভয়াবহ প্রভাব পড়বে বলে সতর্ক করেছেন দেশটির পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি। তার মতে, পারস্য উপসাগরীয় অঞ্চলে নতুন করে ৩ এর পাতায় দেখুন

রিয়াদ-দাম্মামের ১৫৩ ফ্লাইট বাতিল ক্ষতিগ্রস্ত ২২ হাজার ৬৩৬ যাত্রী

কীর্তনখোলা ডেস্ক

ঢাকা থেকে সৌদি আরবের রিয়াদ ও দাম্মামের ১৫৩ টি ফ্লাইট বাতিল হয়েছে। এতে ক্ষতিগ্রস্ত যাত্রীর সংখ্যা দাঁড়িয়েছে ২২ হাজার ৬৩৬ জন। বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক) সূত্রে জানা গেছে , গত ১০ অক্টোবর ৩ এর পাতায় দেখুন

বরিশাল বিভাগের ৫টিসহ

সারাদেশে ২৫টি সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের দ্বিতীয় শিফট স্থগিত

কীর্তনখোলা ডেস্ক

দেশের বিভিন্ন সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজে (টিএসসি) ছাত্র-ছাত্রী ভর্তির হার অত্যন্ত কম থাকায় ২৫টি প্রতিষ্ঠানে আগামী শিক্ষাবর্ষ থেকে দ্বিতীয় শিফটের শিক্ষা কার্যক্রম সাময়িকভাবে স্থগিত করা হয়েছে। কারিগরি শিক্ষা অধিদপ্তরের গতকালের এক আদেশে এ কথা জানানো হয়। আদেশে বলা হয়েছে, বিগত ৩ বছরে সংযুক্ত তালিকাভুক্ত ২৫টি সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজে দ্বিতীয় শিফটে শিক্ষার্থী ভর্তির হার সন্তোষজনক নয়, এমনকি কিছু-কিছু ক্ষেত্রে ভর্তির সংখ্যা একেবারেই শূন্য। পাশাপাশি প্রতিষ্ঠানগুলোতে প্রথম শিফটেও ছাত্র-ছাত্রী ভর্তির হার বেশ কম। সার্বিক বিষয় বিবেচনা করে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আদেশে আরও বলা হয়, তালিকাভুক্ত ২৫টি প্রতিষ্ঠানে আগামী শিক্ষাবর্ষ বা সেশন থেকে দ্বিতীয় শিফটের শিক্ষা কার্যক্রম সাময়িকভাবে স্থগিত থাকবে। তবে ভবিষ্যতে ছাত্র-ছাত্রী ভর্তি বৃদ্ধি সাপেক্ষে এই শিফটগুলো পুনরায় চালুর বিষয়টি বিবেচনা করা হবে। এছাড়া, স্থগিতকৃত ২৫টি প্রতিষ্ঠানের দ্বিতীয় শিফটে কর্মরত জনবলকে যে সমস্ত প্রতিষ্ঠানে দ্বিতীয় শিফট চালু রয়েছে, সেখানে বদলি বা পদায়ন করা হবে যাতে মানসম্মত পাঠদান নিশ্চিত করা যায়।

দ্বিতীয় শিফট স্থগিত করা প্রতিষ্ঠানগুলোর মধ্যে রয়েছে– জয়পাড়া, টাঙ্গাইল, মাদারীপুর, গোপালগঞ্জ, শরীয়তপুর, চাঁদপুর, লক্ষ্মীপুর, ভৈরব, বান্দরবান, পিরোজপুর, ঝালকাঠি, ভোলা, পটুয়াখালী, বরগুনা, বাগেরহাট, সাতক্ষীরা, নড়াইল, হোসেনাবাদ, ঝিনাইদহ, শেরপুর, মৌলভীবাজার, নওগাঁ, নাটোর, জয়পুরহাট এবং সিরাজগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ।

প্রকল্পে অনিয়মের অভিযোগ; ২ কোটি টাকায় বাড়ি কিনে আলোচনায় কর্মচারী

কীর্তনখোলা রিপোর্ট

ভোলা জেলা পরিষদের উন্নয়ন ও রাজস্ব খাতের প্রকল্পে অনিয়মের অভিযোগ এক কর্মচারীর বিরুদ্ধে। ২০২৪-২৫ অর্থবছরে প্রায় ৬ কোটি ২৭ লাখ টাকার অনুমোদিত ২৭৩টি প্রকল্পের মধ্যে ৫৬টি প্রকল্প পরিবারের সদস্যদের নামে নেয়ার অভিযোগ নিম্নমান সহকারী রায়হান মল্লিকের বিরুদ্ধে। এছাড়াও কাজ না করে বিল তোলা, সরকারি জমি বন্দোবস্তের অর্থ গ্রহণ এবং স্বজনদের নামে দোকান বরাদ্দের অভিযোগও রয়েছে। সম্প্রতি দুই কোটি টাকায় চারতলা বাড়ি কেনার তথ্য সামনে আসায়- প্রশ্ন উঠেছে তার সম্পদ নিয়েও। ভোলা জেলা পরিষদের প্রকল্প বণ্টন ও বাস্তবায়ন ঘিরে উঠেছে অনিয়মের অভিযোগ। ২০২৪-২৫ অর্থবছরে জেলায় ৫ কোটি ৪৫ লাখ টাকা ব্যয়ে ২৪৯টি ও রাজস্ব ৩ এর পাতায় দেখুন

এক যুগেরও বেশি সময় ধরে

নেছারাবাদে কমিটি না থাকায় যুবদলের ক্ষোভ

কীর্তনখোলা রিপোর্ট

পিরোজপুরের নেছারাবাদে জাতীয়তাবাদী যুবদলের ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে র‍্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। এ সময় এক যুগেরও বেশি সময় ধরে উপজেলা ও পৌর যুবদলের কার্যকর কমিটি না থাকায় ক্ষোভ প্রকাশ করে দ্রুত নতুন কমিটি গঠনের দাবি জানিয়েছেন নেতারা। বুধবার (২৮ অক্টোবর) দুপুরে স্বরূপকাঠি পৌর শহরে এ কর্মসূচি পালন করেন সংগঠনের নেতাকর্মীরা। উপজেলার বিভিন্ন এলাকা থেকে ছোট ছোট মিছিল নিয়ে তারা শহরে জড়ো হন। উপজেলা বিএনপির নির্বাচনী ৩ এর পাতায় দেখুন

২২ দিনের বিরতি শেষে ইলিশ শিকারে প্রস্তুত জেলেরা

ভোলা প্রতিনিধি

ইলিশের প্রজনন মৌসুমে ২২ দিনের নিষেধাজ্ঞা শেষে আজ বৃহস্পতিবার রাত থেকে নদীতে মাছ শিকারে নামবেন ভোলার প্রায় তিন লাখ জেলে। আবারও সরগরম হয়ে উঠবে জেলার শতাধিক মাছঘাট। জেলেপল্লিতে বইছে আনন্দের জোয়ার। গত ৮ অক্টোবর থেকে ২৯ অক্টোবর পর্যন্ত ভোলা জেলার মেঘনা, তেঁতুলিয়া, কালাবাদর, বেতুয়া, বুড়াগৌরাঙ্গ ও ইলিশা নদীর মোট ১৯০ কিলোমিটার এলাকায় ইলিশ শিকারে নিষেধাজ্ঞা ছিল। নিষেধাজ্ঞা শেষ হওয়ায় মাছ ধরার প্রস্তুতি নিয়েছেন জেলার জেলেরা। মাছ শিকারের জন্য জাল, নৌকা ও ট্রলারসহ বিভিন্ন উপকরণ প্রস্তুত ও মেরামত করেছেন তারা। জেলেদের আশা, দীর্ঘ ২২ দিনের নিষেধাজ্ঞা শেষে নদীতে কাঙ্ক্ষিত ইলিশ শিকার করে ধারদেনা ৩ এর পাতায় দেখুন

রাজাপুরে ইয়াবাসহ গ্রেফতারকৃত তিনজনকে কারাদন্ড

কীর্তনখোলা রিপোর্ট

ঝালকাঠির রাজাপুরে উপজেলা প্রশাসনের মাদকবিরোধী অভিযানে ১০টি ইয়াবা ট্যাবলেটসহ তিনজনকে গ্রেপ্তার করা হয়েছে। মঙ্গলবার (২৭ অক্টোবর) রাত সাড়ে ৮টার দিকে উপজেলার পুটিয়াখালী মিরের হাট এলাকায় অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করে উপজেলা প্রশাসন। পরে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে তাদের প্রত্যেককে ছয় মাসের বিনাশ্রম কারাদণ্ড ও এক হাজার টাকা করে অর্থদণ্ড দেওয়া হয়েছে। দণ্ডপ্রাপ্ত ব্যক্তিরা হলেন- রাজাপুর উপজেলার উত্তর সাউদপুর গ্রামের মৃত মোফাজ্জেলের ছেলে মো. নুরনবী (২১), পুখরিজানা গ্রামের আফজাল হাওলাদারের ছেলে মো. আবির হাসান (২০) এবং একই গ্রামের হান্নান খলিফার ছেলে মো. আবু জর গিফারি (২১)। উপজেলা প্রশাসন সূত্রে জানা যায়, অভিযানে তাদের কাছ থেকে ১০টি ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়। পরে রাজাপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা রিফাত আরা মৌরী ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে তাদের প্রত্যেককে ছয় মাসের বিনাশ্রম কারাদণ্ড ও এক হাজার টাকা করে অর্থদণ্ড দেন। অর্থদণ্ড অনাদায়ে ৩ এর পাতায় দেখুন

এতিমখানার মাছ বাড়িতে নিয়ে ভাগাভাগি, দুই জনকে জরিমানা

কীর্তনখোলা রিপোর্ট

পটুয়াখালীর গলাচিপায় মা ইলিশ সংরক্ষণ অভিযানে জব্দ করা মাছ তিনটি মাদ্রাসা ও এতিমখানায় বিতরণ করা হয়। তবে বিতরণ করা মাছের একটি অংশ নির্ধারিত প্রতিষ্ঠানে না নিয়ে ব্যক্তিগতভাবে বাড়িতে নিয়ে যাওয়ার অভিযোগে দুই ব্যক্তিকে ৮০ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত। মঙ্গলবার (২৭ অক্টোবর) রাত ৯টার দিকে উপজেলার রতনদি তালতলী ইউনিয়নের বন্যাতলী ঘাটসংলগ্ন এলাকায় অভিযান চালিয়ে ৩ এর পাতায় দেখুন

আমতলীতে ছাত্রদল সভাপতিকে মারধর ও টাকা ছিনতাইয়ের অভিযোগ, থানায় মামলা

কীর্তনখোলা রিপোর্ট

বরগুনার আমতলীতে মো. মুশফিক নামের এক ছাত্রদল নেতাকে মারধর করে জখম এবং নগদ টাকা ছিনিয়ে নেওয়ার অভিযোগ পাওয়া গেছে। এ ঘটনায় ভুক্তভোগী নিজেই বাদী হয়ে আমতলী থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেছেন। অভিযোগ সূত্রে জানা যায়, মো. মুশফিক আমতলী বন্দর হুসাইনয়া ফাজিল মাদ্রাসার ছাত্রদলের সভাপতি এবং তিনি পড়াশোনার পাশাপাশি একটি বেসরকারি কোম্পানিতে চাকরি করেন। গত সোমবার ৩ এর পাতায় দেখুন

গৌরনদী উপজেলা হাসপাতালে ২ মাস ধরে বন্ধ বেতন-ভাতা

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের গৌরনদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার (ইউএইচএফপিও) পদ প্রায় দুই মাস ধরে শূন্য রয়েছে। এতে হাসপাতালের ১৬১ জন কর্মকর্তা-কর্মচারীর বেতন-ভাতা আটকে আছে। একই সঙ্গে বন্ধ রয়েছে হাসপাতালের বিভিন্ন আর্থিক কার্যক্রম। ফলে চরম ভোগান্তিতে পড়েছেন চিকিৎসক, নার্স ও অন্যান্য কর্মকর্তা-কর্মচারী। হাসপাতাল সূত্রে জানা গেছে, গত ১৮ আগস্ট উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. ফখরুল ইসলাম মৃধা বদলি হয়ে অন্যত্র চলে যান। এরপর হাসপাতালের জুনিয়র কনসালটেন্ট ২ এর পাতায় দেখুন

নজরুলের কবিতায় বিভাগীয় পর্যায়ে প্রথম মুসান্না

ভাণ্ডারিয়া প্রতিনিধি

নজরুল বর্ষ উপলক্ষ্যে দেশব্যাপী সকল পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান ভিত্তিক সাংস্কৃতিক প্রতিযোগিতা-২০২৬-এ বরিশাল বিভাগীয় পর্যায় ‘নজরুলের কবিতায়’ প্রথম হয়েছে পিরোজপুরের ভাণ্ডারিয়া উপজেলার ধাওয়া নলকাটা দাখিল মাদ্রাসার সপ্তম শ্রেণির শিক্ষার্থী এবং মো. মোস্তাহেদুল হক ও জীবুন্নিছা মাদ্রাসা শিক্ষক দম্পতির মেয়ে **মুসান্না**। খোঁজ নিয়ে জানা গেছে, গত ৩১আগষ্ট নজরুল বর্ষ উপলক্ষ্যে দেশব্যাপী সকল পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান ভিত্তিক সাংস্কৃতিক প্রতিযোগিতা-২০২৬-এর উদ্বোধন করেন প্রধান মন্ত্রী। প্রতিযোগিতায় নজরুল সংগীত, নজরুলের কবিতা আবৃত্তি, চিত্রাঙ্কন, নজরুল সাহিত্যের উপর অভিনয়, নৃত্য, নজরুলের ইসলামিক সংগীত, নজরুলের হাম-নাত, রচনা ও বক্তৃতাসহ নজরুলের সৃষ্টিকর্মের পাঁচটি বিষয় নিয়ে প্রাথমিক বিদ্যালয়, কিন্ডার গার্টেন, মাদ্রাসা, মাধ্যমিক ও কারিগরি বিদ্যালয় এবং কলেজ শাখার মোট ১২টি গ্রুপে গত ২ সেপ্টেম্বর ভাণ্ডারিয়া উপজেলা পর্যায় থেকে শুরু হয়ে পিরোজপুর জেলা পর্যায় এবং চলতি ৩ এর পাতায় দেখুন

বাউফলে পাঁচটি শিশু সদনে টাকা লোপাটের অভিযোগ, তদন্তের দাবি

কীর্তনখোলা রিপোর্ট

পটুয়াখালীর বাউফলে এতিম ও দুস্থ শিশুদের জন্য সরকারি বরাদ্দ লোপাটের অভিযোগ উঠেছে পাঁচটি শিশু সদনের বিরুদ্ধে। এর মধ্যে একটি শিশু সদনে শিক্ষার্থী না থাকলেও ২০২৪-২৫ অর্থবছরে পাঁচ শিশুর নামে ১ লাখ ২০ হাজার টাকা বরাদ্দ নিয়ে প্রশ্ন উঠেছে। সমাজসেবা অধিদপ্তরের ক্যাপিটেশন গ্রান্ট কর্মসূচির আওতায় সরকার নিবন্ধিত এতিমখানায় বসবাসরত এতিম ও দুস্থ শিশুদের জন্য মাথাপিছু মাসে ২ হাজার টাকা করে বরাদ্দ দেওয়া হয়। এর মধ্যে খাদ্য বাবদ ১ হাজার ৬০০ টাকা, পোশাকের জন্য ২০০ টাকা এবং ওষুধ ও অন্যান্য খরচের জন্য ২০০ টাকা নির্ধারিত। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, বাউফলের দক্ষিণ মাধবপুর শিশু সদন ৩ এর পাতায় দেখুন

আগৈলঝাড়া উপজেলা ছাত্রলীগের সভাপতি মিন্টু কারাগারে

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের আগৈলঝাড়ায় সন্ত্রাসবিরোধী আইনের মামলায় নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগের উপজেলা শাখার সভাপতি মিন্টু সেরনিয়াবাতকে (৩৮) গ্রেফতার করেছে পুলিশ। বুধবার (২৮ অক্টোবর) সকালে উপজেলার গৈলা ইউনিয়নের সেরাল গ্রামে নিজ এলাকা থেকে তাকে গ্রেপ্তার করা হয়। পুলিশ সূত্রে জানা গেছে, সম্প্রতি সেরাল গ্রামে সড়কে মিছিলের প্রস্তুতি নেওয়ার অভিযোগ ওঠে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ ও এর সহযোগী সংগঠনের নেতাকর্মীদের বিরুদ্ধে। এ ঘটনায় আগৈলঝাড়া থানায় সন্ত্রাসবিরোধী আইনে একটি মামলা দায়ের করা হয়। ওই মামলার আসামি হিসেবে মিন্টু সেরনিয়াবাতকে গ্রেফতার করা হয়েছে। তিনি সেরাল গ্রামের মৃত ফজলুল হক সেরনিয়াবাতের ছেলে। আগৈলঝাড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ মাসুদ খান জানান, নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগের উপজেলা সভাপতি মিন্টু সেরনিয়াবাতকে সন্ত্রাসবিরোধী আইনের মামলায় গ্রেফতার করা হয়েছে। পরে তাকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।

ভাণ্ডারিয়ায় বিশ্ব হাত ধোয়া দিবস পালিত

ভাণ্ডারিয়া প্রতিনিধি

পিরোজপুরের ভাণ্ডারিয়ায় গতকাল বুধবার উপজেলা প্রশাসিন ও উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের যৌথ উদ্যোগে বিশ্ব হাত ধোয়া দিবস পালন করা হয়। এ উপলক্ষে ‘হাত ধোয়ার নায়ক হোন’এ প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে একটি র‍্যলি বের করে বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদ চত্বরে হাত ধোয়ার কলা কৌশল প্রদর্শনী শেষে উপজেলা অডিটরিয়ামে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় উপজেলা ও পৌর প্রশাসক ইউএনও মো. হাসিবুল হাসান এর সভাপতিত্বে ৩ এর পাতায় দেখুন

মুলাদীতে হাসপাতালে খুলে পড়ল চলন্ত ফ্যান

কীর্তনখোলা রিপোর্ট

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে রোগীদের অপেক্ষমাণ স্থানে চলন্ত সিলিং ফ্যান খুলে পড়েবরিশালের মুলাদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে রোগীদের অপেক্ষমাণ স্থানে চলন্ত সিলিং ফ্যান খুলে পড়েছে। এ ঘটনায় অল্পের জন্য রক্ষা পেয়েছে দুই শিশু। এসময় সেখানে অপেক্ষমাণ পাঁচ থেকে ছয়জন থাকলেও কেউ আহত হননি। প্রত্যক্ষদর্শী হাফসা বেগম জানান, জরুরি বিভাগের সামনে চারটি বেঞ্চে দুই শিশুসহ পাঁচ থেকে ছয়জন বসে ছিলেন। হঠাৎ ওপরের একটি চলন্ত সিলিং ফ্যান খুলে শিশু দুটির পাশেই পড়ে যায়। ফ্যানটি তাদের গায়ে না লাগায় বড় ধরনের দুর্ঘটনা এড়ানো সম্ভব হয়। এদিকে ঘটনার পর থেকেই হাসপাতালের রোগী ও তাদের স্বজনদের মধ্যে নিরাপত্তা নিয়ে উদ্বেগ দেখা দিয়েছে। রোগী ও স্বজনরা হাসপাতালের পুরোনো ও ঝুঁকিপূর্ণ ফ্যানগুলো পরীক্ষা করে প্রয়োজনীয় মেরামত বা পরিবর্তনের দাবি জানিয়েছেন।এ বিষয়ে মুলাদী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সৈয়দ ফজলে রাব্বী বলেন, পুরোনো একটি ফ্যান খুলে পড়েছে। ৩ এর পাতায় দেখুন





প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com